

~~৫৫৫~~
গল্পস্বল্প ।

541

শ্রীস্বর্ণকুমারী দেবী প্রণীত ।

চতুর্থ সংস্করণ ।

কলিকাতা ।

অপার সার্কুলার রোড, কাশিয়াবাগান বাগানবাটীতে

“ভারতী-যন্ত্রে”

শ্রীজারিণীচরণ বিদ্যাস দ্বারা মুদ্রিত ও প্রকাশিত ।

১৩০০ সাল পৌষ মাস ।

উপহার ।

ভাই বোনকে ।

তুধু এই হাসি খুসি,
তুধু ছেলেখেলা,—
কাটি দিবে জীবনের
স্বদীর্ঘ এ বেলা ?

তুধু এই হাহাকার,
তুধু অশ্রু-ব্যথা—
হৃদয়ের আঁখি-পাতে
রহিবে কি গাঁথা ?

কিছুই নাহি কি আর,
প্রাণ ধাহা যাচে ?—
ধাকুক তোদের তাহা,
পরানের কাছে ।

সূচীপত্র ।

বিষয়	পৃষ্ঠা ।
১। মনুষ্য জীবনের উদ্দেশ্য	১
২। মাতার আশীর্বাদ	৩
৩। শুভ কাজের হযোগ হারাইও না	৪
৪। প্রভাত	৭
৫। হুবুঙ্কির উপদেশ	৮
৬। শান্তি নিকেতন	১৪
৭। বীরেন্দ্র সিংহের রত্ন জাত	১৫
৮। দ্বিপ্রহর	২০
৯। সঙ্গদোষ	২১
১০। ঝটিকা	৩০
১১। সত্য	৩৪
১২। বাগানেতে খেলা	৩৮
১৩। ক্ষমা	৪০
১৪। শিশু হরি	৪৫
১৫। সাঁররত্ন	৪৬
১৬। বোনের ভালবাসা	৫১
১৭। স্বাস্থ্য	৫২
১৮। বিসুদ্ধ জল বাতাস	৫৪
১৯। পরিকার পরিচ্ছন্নতা	৫৬
২০। খাদ্য	৫৮
২১। ব্যায়াম	৬৪
২২। সন্ধ্যা	৭৩
২৩। কৃতজ্ঞতা	৭৪
২৪। আশা	৮০

“গল্পস্বল্পে” স্বাস্থ্য সম্বন্ধে ঘাঁহা লেখা হইয়াছে কাম্বেল মেডি-
কেল স্কুলের অধ্যাপক ডাক্তার শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ রায় এবং
ডাক্তার ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় তাহা পড়িয়া বালকবালিকার
পাঠোপযোগী এবং বিজ্ঞান-সঙ্গত বলিয়াছেন। ইহাদের এ সম্বন্ধীয়
পত্র দুইখানি নিম্নে উদ্ধৃত করিয়া দিলাম।

দেবেন্দ্র বাবুর পত্র

“স্বাস্থ্য সম্বন্ধে আপনি যে প্রবন্ধটি লিখিয়াছেন তাহা অতি
সুন্দরিত প্রাজ্ঞতা ভাষায় লেখা হইয়াছে, আর তাহাতে যে বিষয়
গুলি বিবৃত হইয়াছে তাহা আধুনিক “ছাইজিন” শাস্ত্রের সম্পূর্ণ
অনুমোদিত।”

ব্রজেন্দ্র বাবুর পত্র

“আমি আপনার পুস্তকের প্রথম পাঠ করিয়া কোন পরিবর্তন
বা সংশোধন আবশ্যক বিবেচনা করি না। আপনার ভাষা, যেরূপ
সুন্দর ও প্রাজ্ঞ তাহা প্রায় অত্যাশ্চর্য দেখা যায় না। পুস্তক-
খানি যে সুপাঠ্য ও মনোরঞ্জক হইয়াছে তাহাতে বিন্দুমাত্র সংশয়
নাই।”

বেথুন স্কুলের সংস্কৃত অধ্যাপক পণ্ডিত শ্রীযুক্ত চন্দ্রমোহন
ভট্টাচার্য্য এই পুস্তকের প্রথম সংশোধন করিয়া যথেষ্ট উপকার
করিয়াছেন।

এই পুস্তকের দ্বিতীয়, তৃতীয়, ও চতুর্থ এই তিনটি গল্প শ্রীমতী
হিরণ্ময়ী দেবীর লেখা।

গল্পস্বৰূপ ।

মানুষ্য জীবনের উদ্দেশ্য ।

আমরা সকলেই জানি মানুষ্য পশু হইতে শ্রেষ্ঠ । কিন্তু ভাবিয়া দেখ—কিসে ? পশুরও শরীর আছে, মানুষেরও শরীর আছে ; মানুষের আকার পশু হইতে ভিন্ন বটে, কিন্তু আকারের প্রভেদেই যে, কেহ শ্রেষ্ঠ হয় তাহা নহে । পশুদিগেরও সকলের ভিন্ন ভিন্ন আকার । মানুষের শ্রায় পশুদিগেরও ক্ষুধা, তৃষ্ণা, ক্রোধ, দ্বেষ, স্নেহ, ভালবাসা আছে, এমন কি জন্তুদিগের মধ্যে বুদ্ধিরও পরিচয় পাওয়া যায় । তবে মানুষকে পশু অপেক্ষা শ্রেষ্ঠ বলা যায় কেন ? মানুষের এমন কতকগুলি গুণ আছে, যাহা পশুতে পাওয়া যায় না—সেই গুণেই মানুষ বড় । পশুর যদিও বুদ্ধি আছে, কিন্তু মানুষের শ্রায় উচ্চ বুদ্ধি নাই, চিন্তা-শক্তি নাই, মানুষের মত ধৰ্ম্ম-ভাব নাই । চিন্তাবলে, বুদ্ধিবলে মানুষ ভাল হইতে মন্দের প্রভেদ বুঝিতেছে, কল কৌশল উদ্ভাবন করিতেছে, পৃথিবীতে বসিয়া স্থায়ী সংবাদ আনিতেছে । ধর্ম্মের ভাব আছে বলিয়া মানুষ ঈশ্বরানুরাগী হইতেছে, কুপ্রবৃত্তিকে দমন করিতেছে এবং সমস্ত জগৎবাসীকে সেই এক জগৎপিতার সন্তান জ্ঞানে পরোপকারে রত হইতেছে, অন্নের মঙ্গলে নিজের মঙ্গল জ্ঞান করিয়া নিঃস্বার্থতার কাছে স্বার্থ জলাঞ্জলি দিতেছে । এই সকল গুণের জন্যই মানুষ পশু হইতে শ্রেষ্ঠ । কিন্তু যাহার এ সকল গুণ বিকশিত হয় নাই, যে অজ্ঞান,—যাহার ধৰ্ম্মভাব নাই, পশুর সহিত তাহার বিশেষ প্রভেদ নাই । সুতরাং কেবল মানুষের শরীর

হইলেই মানুষ হওয়া যায় না ; জ্ঞান-ধর্ম্মে যে উন্নতি লাভ করিয়াছে সেই প্রকৃত মনুষ্য। আহার বিহার করিয়া পশুর মত জীবন ধারণ করাই মনুষ্য জীবনের উদ্দেশ্য নহে, মনুষ্য লাভ করিতে চেষ্টা করাই মনুষ্য জীবনের উদ্দেশ্য।

তুমি যদি মনুষ্য হইতে চাও তবে জ্ঞানের অনুশীলন কর ; ক্ষমা, করুণা, সত্যানুরাগ প্রভৃতি মনুষ্যের অন্তর নিহিত সঙ্গুণ সকলের বিকাশ ও ক্রোধ ঘৃণা লোভ প্রভৃতি পাশব প্রভৃতি সকলের ত্রাণ দমন দ্বারা যথার্থ মনুষ্য হও। ঈশ্বর, যিনি আমাদের পিতা মাতা সৃষ্টিকর্তা, ইহাই তাঁহার আদেশ, ইহাই তাঁহার প্রিয় কার্য্য। আমাদের মঙ্গলের জন্যই তিনি আমাদের পক্ষে তাঁহার এই আজ্ঞা পালন করিতে বলেন। তাঁহার এই আজ্ঞার নামই ধর্ম্মনীতি। মনুষ্য অভিজ্ঞতা দ্বারা দেখিতে পায় এই নীতি যাহারা পালন করিয়া চলেন তাঁহারা যথার্থ বড় লোক, তাঁহারা ইহা মহাত্মা ; আর যাহারা ইহা অমান্য করিয়া চলে তাহারা মনুষ্য নামের অযোগ্য।

অত্যাচার করিতে যাহার সঙ্কোচ নাই, সহস্রবার ঈশ্বরের নাম গ্রহণ করিলেও সে ঈশ্বরানুরাগী নহে। যে ঈশ্বরের প্রিয় কার্য্য সাধন করে সেই যথার্থ সাধক। ঈশ্বর তোমাকে মানুষ করিয়া গড়িয়াছেন, তাঁহার প্রিয় কার্য্য সাধন দ্বারা অর্থাৎ শুভ কার্য্যের অনুষ্ঠান এবং অত্যাচারণ পরিত্যাগ পূর্ব্বক তাঁহার প্রতি অনুরাগী হইয়া তোমার জীবনের উদ্দেশ্য সকল কর। ইহাতেই তুমি যথার্থ সুখ শান্তি লাভ করিবে।

মাতার আশীর্বাদ ।

বাছা,

ও ঠোঁটের পুণ্ড্র হাসি যেন চির ফুটে,

ও মুখের সরলতা যেন নাহি টুটে ।

ও প্রাণের পবিত্রতা শুভ্র নিরমল,

করে যেন ব্যাধিতের হৃদয় উজ্জল ।

অশ্রুজল বহে যদি, বহে যেন তবে

সাস্তুনা দিবার তরে দীন হীন সবে ।

প্রাণের বাসনা ইহা—শুধু কথা নয়,

মঙ্গল আশীষ এই শুভ আলোময় ।

ভুলে যদি যেতে চাও ভুলো কথা গুলি,

ভোল যদি কে বলেছে তাও যেও ভুলি ।

এ আলোক শুধু যেন আঁখিপথে থাকে,

পাপ তাপ হতে তোমা দূরে দূরে রাখে !

শুভ কার্যের সুযোগ হারাইও না।

“যানি অনবদ্যানি অনিন্দিতানি কৰ্ম্মাণি তানি সেবিতব্যানি
নো ইতরাণি নিন্দিতানি কৰ্ত্তব্যানি।”

কল্যাণকর যে সকল কর্ম্ম তাহার অনুষ্ঠান করিবেক, অকল্যাণকর কর্ম্মের
অনুষ্ঠান করিবেক না।

আজ রমেশের ছুটি। ছুটি পাইয়া রমেশের বড়ই আনন্দ
হইয়াছে। সারাদিন কত রকম খেলা করিবে তাহাই ভাবি-
তেছে। এমন সময় রমেশের মা বলিলেন, “রমেশ, আজ ত তোমার
কোন কাজ নাই, আমার ঘরে বইগুলি বড় বিশৃঙ্খল হইয়া
আছে, যদি তুমি সেই গুলি গুছাইয়া ঘরটি পরিষ্কার কর, তবে
আমার কাজের একটু সুবিধা হয়।”

এই কথা শুনিয়া রমেশ বড়ই বিরক্ত হইয়া ভাবিল, “তাইত !
খেলা ধুলা ছাড়িয়া আমি এখন মায়ের কাজ করিতে যাই !”

রমেশ মায়ের কথা না শুনিয়া খেলা করিতে চলিয়া গেল।
খানিক দূর গিয়া বসুদের পুকুর ধারে স্নানার্থে দেখিতে পাইল,
স্নানার্থে তাহার নিতান্ত বিষম বলিয়া মনে হইল। স্নানার্থে
রমেশের পিতৃব্যকর্ত্তা। তাহাকে রমেশ বড় ভাল বাসে, সুতরাং
তাহাকে বিষম দেখিয়া নিকটে আসিয়া জিজ্ঞাসা করিল—“স্নানার্থে,
কি হইয়াছে ? অমন চুপ করিয়া বসিয়া আছিস যে ?”

বালিকা বিষমভাবে বলিল—“আমার একটি জিনিস হারাইয়া
গিয়াছে ?”

রমেশ। কি জিনিস ? বলনা—আমি খুঁজিয়া দিই।

স্ন। মা বলিয়াছেন—সে জিনিস একবার হারাইলে আর

খাজা পাওয়া যায় না; তার প্রতি সর্বদাই নজর রাখিতে হয়।”

উভয়ের এইরূপ কথাবার্তা হইতেছে এমন সময় সুরেন্দ্র আসিয়া বলিল—“কি রমেশ, কি কথা হইতেছে?”

রমেশ সে কথায় কাণ না দিয়া একটু বিরক্তির ভাবে বালিকাকে বলিল—“তুমি হাজার কথা না বলিয়া কি শুধু জিনিসের নামটি বলিতে পার না?”

বালিকা একটু ধতমত খাইয়া বলিল, “আমি সুর্যোগ হারাইয়াছি।”

সুরেন্দ্র এই কথা শুনিয়া হাসিয়া বলিল, “হা হা হা—বাস্তবিক সুর্যোগ হারান বড় কষ্ট। আমি কিন্তু সে বিষয়ে বড়ই সাবধান। আজ সকালে আমার পড়া হয় নাই বলিয়া দুপুর বেলা বাবা আমাকে পড়িতে বলিলেন, বাবা যতক্ষণ বাড়ীতে ছিলেন ততক্ষণ কাজেকাজেই পড়িতে হইল। কিন্তু যেই বাবা বাহিরে গিয়াছেন অমনি আমি পলাইয়া আসিয়াছি—এমন সুর্যোগ আমি হারাই!”

সুখমা বলিল, “এ বুঝি সুর্যোগ! মন্দ কাজ করিতে যে সময় পাওয়া যায় মা তাকে “সুর্যোগ” বলেন। সেত হারানই ভাল। তুমি যে তোমার বাবার কথা শুনিলেনা—তুমিও ত একটি সুর্যোগ হারাইলে—তবে আবার অত জাঁক করিতেছ কেন?”

সুখমার কথা রমেশেরও বড় ভাল লাগিল না—কারণ সেও ত মায়ের কথা শোনে নাই। বলিল, “ও কথা যাক,—তুমি কিসের সুর্যোগ হারাইয়াছ?”

বালিকা বলিল, “আমি যে দিন দ্বিদিমার বাড়ী গিয়াছিলাম, সে দিন দ্বিদিমা আমাকে একটি টাকা দিয়াছিলেন। মা তাহা দেখিয়া বলিলেন, ‘আরে সুখি, তুই টাকা পেয়েছিস, বেশ!’

ইহাতে কত কাজ হয়, কত গরীব দুঃখীর উপকার করা যায়, এমন সুযোগ যেন হারাস নে।’ কিন্তু খানিক বাদেই আমি সেই টাকাটি দিয়া একটি মোমের পুতুল কিনিয়া ফেলিলাম। ~~আজ~~ এখনি একজন ভিক্ষুক আমার কাছে ভিক্ষা চাহিতে আসিয়াছিল। আহা বেচার! সমস্ত দিন কিছুই খায় নাই। আমি যদি সে টাকা হইতে তাহাকে কিছু পয়সাও দিতে, পারিতাম ত তাহার কত খাবার হইত—কিন্তু আমি সে সুযোগ হারাইয়াছি।”

এই বলিয়া বালিকা কঁাদ কঁাদ হইল। রমেশ আর থাকিতে পারিল না, অনুতপ্ত হৃদয়ে বলিল, “স্বম্মা, আমিও আজ একটি সুযোগ হারাইয়াছি; আমি আজ মায়ের কাজ করিতে পারিতাম—তাহা করি নাই।”

স্বম্মা বলিল, “তবে দেখিতেছি আমরা দুজনেই সুযোগ হারাইয়াছি। কেবল সুরেন্দ্রই লাভ করিয়াছে।”

ইহা শুনিয়া সুরেন্দ্র একটু লজ্জিত হইয়া বলিল, “স্বম্মা, আমাকে ক্ষমা কর। এখন আমি বুঝিতেছি আমিও সুযোগ হারাইয়াছি। আমি পিতাকে সন্তুষ্ট করিতে পারিতাম তাহা করি নাই, নিজের বিদ্যাশিক্ষায় সময় দিতে পারিতাম তাহা দিই নাই, আমি তোমাদের সকলের অপেক্ষা অধিক হারাইয়াছি।”

সুরেন্দ্র অনুতপ্ত হইয়া ভবিষ্যতে সুযোগের সদ্যবহার করিবে বলিয়া মনস্তপ্ত করিল। স্বম্মা নিজে সুযোগ হারাইয়া এতক্ষণ যদিও বিষণ্ণ হইয়া পড়িয়াছিল—কিন্তু অল্প দুই জনকে তাহার কথায় জ্ঞান লাভ করিতে দেখিয়া তাহারও সে কষ্ট অধিকক্ষণ রহিল না।

প্রভাত ।

অরুণ-মুকুট শিরে, অধরে উষার-হাসি,
 পদতলে ফুটে ওঠে শত শত ফুলরাশি !
 শুভ্র পরিমল-বাসে উথলিত তনুখানি,
 ধরায় চরণদান করিছে প্রভাতরাণী !
 আনন্দের কোলাহলে চারিদিক নিমগন,
 পাখী গায় আগমনী, হাসে বন উপবন ।
 কম্পিত সরসী হিয়া, মৃদু বুরু বুরু বায়,
 কমল কোমল আঁখি স্নধীরে খুলিয়া চায় ।
 উপকূলে ধরে ধরে বায়ুভঞ্জে ছলি ছলি
 হরষে সরসে মুখ দেখিতেছে তরুগুলি ।
 এসেছে তুলিতে ফুল বালিকা সাজিটি হাতে,
 ভুলে গেছে ফুল তোলা চেয়ে আছে নভ-পাতে ।
 শুভ্র অশ্রু জ্যোতির্ময় অরুণ কিরণ মাখা,
 লাহিয়া উড়িছে পাখী বিছায়ে পেলব পাখা ।
 বালিকা দেখিছে চেয়ে, ফুল তোলা গেছে ভুলে,
 প্রতিধ্বনি গাহিতেছে সপ্তমে লহরী তুলে ।
 কোমল অমৃত সুরে বিভূ নামে উঠে তান ।
 প্রভাত আনন্দ-মগ্ন সে গীত করিয়ে পান !

স্ববুদ্ধির উপদেশ ।

যন্ত নিঃশ্রেয়সং বাক্যং মোহান্ন প্রতিপদ্যতে ।

স দীর্ঘশ্রদ্ধোহীনার্হঃ পশ্চাত্তাপেন যুজ্যতে ।

যে ব্যক্তি মোহহেতু হিতবাক্য গ্রহণ না করে সে দীর্ঘশ্রদ্ধী হইয়া মনুষ্যত্ব হইতে ভ্রষ্ট হয় এবং পশ্চাৎ সন্তাপে পতিত হয় ।

মনুষ্যের দুইরূপ বুদ্ধি আছে—স্ববুদ্ধি ও কুবুদ্ধি। যে বুদ্ধি আমাদিগকে শুভ কর্মে উত্তেজিত ও অশ্রায় কর্ম হইতে বিরত রাখে তাহাই স্ববুদ্ধি, আর যে বুদ্ধির দ্বারা আমরা অশ্রায় কাজ করি তাহাই কুবুদ্ধি। কুবুদ্ধির পরামর্শ শুনিয়া চলিলে তুমি পশুর মত হইয়া পড়িবে, স্ববুদ্ধির পরামর্শ শুনিলে তোমার ধর্ম-ভাব ফুটিয়া উঠিবে, তুমি মনুষ্যত্ব লাভ করিবে। স্মরণ্য সাব-ধানে কুবুদ্ধিকে পরিত্যাগ করিয়া স্ববুদ্ধির অনুসরণ করিও ।

একটি সুন্দর বাগানে লাবণ্য বসিয়া আছে। চারিদিকে কত রকম ফুল ফুটিয়াছে, কত ফোয়ারা ছুটিতেছে, সুন্দর সুন্দর পাথরের পুতুল সাজান রহিয়াছে। কিন্তু লাবণ্যের সে সব কোন দিকেই মন নাই, তাহার হাতের একটি পুতুল লইয়াই সে ব্যস্ত। সে কখনও তাহাকে কাপড় পরাইতেছে, কখনও আদর করিতেছে, কখনও তাহার সহিত কথা কহিতেছে। এমন সময় সহসা যেন আকাশের একটা দিক অত্যন্ত লাল হইয়া উঠিল। লাবণ্য আশ্চর্য হইয়া সেই দিকে চাহিল অমনি লাল মেঘের মধ্য হইতে যেন একটি পুরী নামিয়া আসিয়া তাহার কাছে দাঁড়াইলেন।

লাবণ্য আরও আশ্চর্য্য হইয়া স্থিরদৃষ্টে পরীর মুখের প্রতি
 চাহিয়া রহিল। ক্রমে তাহার চক্ষে সকলি মিলাইয়া যাইতে
 লাগিল, গাছ পাতা, ফুল, ফোয়ারা, সকলি মিলাইয়া গেল, পৃথিবী
 আকাশ সমস্ত সরিয়া পড়িল ;—কেবল সেই পরীর প্রতিমাখানি
 ভিন্ন আর কিছুই সে দেখিতে পাইল না। কিন্তু এ আবার কি ?
 পরীমূর্ত্তিও যে অদৃশ্য হইয়া পড়িল ! তখন তাহার আবার চমক
 ভাঙ্গিল, সবিস্ময়ে সে চারিদিকে চাহিয়া দেখিল,—সে পরী নাই,
 সে বাগান নাই—সে কিছুই আর নাই, তাহা অপেক্ষা উৎকৃষ্টতর
 আর একটি বাগানে সে একাকী আসিয়া পড়িয়াছে। কি চমৎ-
 কার বাগান ! এমন বাগান সে জন্মে কখনও দেখে নাই। এ
 কি নন্দন কানন ? দিদিমার কাছে লাবণ্য স্বর্গের যে নন্দন কান-
 নের গল্প শুনিয়াছে, এ কি সেই কানন ! বাগান আলো করিয়া
 গাছে গাছে কি সুন্দর ফুলফুটিয়া আছে ! ও গুলি কি পারিজাত ?
 এমন চমৎকার ফুল ত লাবণ্য জীবনে কখনো দেখে নাই ! কি
 শোভা ! কি সুবাস ! সরোবর তীরে ও আবার ক্লিরূপ বন ? ও যে
 ফুলের বন ? ফুলে ফুলে দলৌ দলৌ ঘেঁসাঘেঁষি করিয়া মিলিয়া
 মিশিয়া এক হইয়া রহিয়াছে ! এত ফুল ওখানে কে ফুটাইল ?
 সরোবরের পদ্মপত্রে ঐ রাঙ্গা পাখীগুলি—কি পাখী ? ময়ূর না
 হাঁস ? না উহারা ময়ূরও নহে—হাঁসও নহে, উহারা যে গান
 করিতেছে ! কি সুধুর সঙ্গীত !—এ কাননের কোকিল এমন
 সুন্দর দেখিতে ! তাহারা পদ্মপত্রে ভাসিয়া গান গাহিয়া বেড়ায় !
 লাবণ্য উল্লাসে উৎফুল্ল হইয়া পুতুলটিকে বক্ষে লইয়া বাগানে ঘুরিয়া
 বেড়াইতে লাগিল। বেড়াইতে বেড়াইতে দেখিল, বাগানের এই
 নানা রকম সুগন্ধ সুদৃশ্য অপরিচিত পুষ্পবৃক্ষের এক পাশে একটি

গোলাপের গাছ, সেই গাছে একটি সুন্দর প্রস্ফুটিত গোলাপ।
লাবণ্য সেই গোলাপটি তুলিতে হাত বাড়াইল! এই সময় সহসা
কোথা হইতে পূর্বেরকার পরীটি আসিয়া বলিলেন, “ইহা তুলিও
না, ঐ দেখ কত ধৈর্য্য ফুল ফুটিয়া রহিয়াছে—উহার একটি তোলা,
গোলাপ অপেক্ষা দেখ ঐ ফুলগুলি কত সুন্দর। গোলাপ ত
তোমাদের বাগানে অনেক আছে। ঐ ধৈর্য্যফুল একটি তুলিয়া
লইয়া যাও, উহা মর্ত্যলোকে পাইবে না, ও ফুল তোমাদের বাগানে
রাখিলে বাগান শোভা করিয়া চিরদিন নবীন ভাবে ফুটিয়া
থাকিবে। উহা নন্দন কাননের ফুল, পৃথিবীর ফুলের মত শুকা-
ইয়া যায় না। আর ঐ গোলাপের গাছ পৃথিবী হইতে আনিয়া এ
কাননে রোপণ করা হইয়াছে, তুলিতে না তুলিতে শুকাইবে।”

কিন্তু লাবণ্য তখন গোলাপ তুলিতে হাত বাড়াইয়াছে—
হাতের ফুল ফেলিয়া কে আবার তখন দূরে যায়, সে বলিল—
“অত দূরে আমি আর যাইতে পারি না”—বলিয়া তাড়াতাড়ি
গোলাপটি ছিঁড়িয়া লইল,—তাড়াতাড়িতে গোলাপের কাঁটায়
বিধিয়া তাহার হাত হইতে বিন্দু বিন্দু রক্ত পড়িতে লাগিল, তখন সে
গোলাপটি ফেলিয়া দিয়া কাঁদিতে আরম্ভ করিল। পরী বলি-
লেন “দেখ আমার কথা শুনিলে তোমাকে এই কষ্টভোগ করিতে
হইত না—ঐ যে ধৈর্য্যফুল দেখিতেছ উহার কাঁটা নাই। ভাল কথা
না শুনিয়া কাজ করিলে দেখ কি রূপ বিপদে পড়িতে হয়—”

পরীর এই উপদেশে লাবণ্য আরো রাগিয়া গেল, সে
কাহারো উপদেশ শুনিতে ভাল বাসিত না। লাবণ্য রাগ করিয়া
সেখান হইতে চলিয়া গেল। কিছু দূর গিয়া একবার ফিরিয়া
দেখিল—পূর্বের বাগানের আর চিহ্নও নাই, তাহা হইতে অনেক

দূরে সে চলিয়া আসিয়াছে। তাহার বড় কষ্ট হইল। এই সময় সে নিকট দিয়া একটি বালককে চলিয়া যাইতে দেখিয়া বলিল “ভাই, আমি এতক্ষণ বড় একটি স্নান বাগানে খেলা করিতেছিলাম—রাগ করিয়া চলিয়া আসিয়া ভাল করি নাই, আমাকে পথ দেখাইয়া সেখানে আবার লইয়া যাইতে পার ?”

বালক বলিল “আমাদের এখানে ত কোন বাগান নাই—কোথায় লইয়া যাইব ?” বালিকা আবার রাগ করিয়া বলিল “নাই বই কি ? আমি এই মাত্র সেখান হইতে আসিতেছি। সেখানে ফুল তুলিতে গিয়া এই দেখ আমার হাতে কাঁটা বিধিয়া গিয়াছে—”

বালক বলিল—“পরী তোমাকে এত বারণ করিলেন, তুমি কেন ফুল তুলিতে গেলে ? তিনি ত তোমার ভাল জন্তই বারণ করিয়াছিলেন, তাহার কথা ত শুনিলেই না—আবার রাগ করিয়া চলিয়া আসিলে—এ জন্ত তোমার নিতান্ত লজ্জা পাওয়া উচিত।”

কিন্তু লজ্জিত হইবার পরিবর্তে লাবণ্য তাহার কথায় ক্রুদ্ধ ও বিরক্ত হইয়া সেখান হইতে চলিয়া গেল। পথে তাহার আর একটি বালিকার সহিত সাক্ষাৎ হইল—বালিকা তাহার হাতের পুতুলটি দেখিয়া জিজ্ঞাসা করিল—“ভাই তোমার হাতে ওট কি ?”

লাবণ্য বলিল—“আমার পুতুল।”

বা। ওটি আমাকে দিবে ?

না। না।

বালিকা বলিল—“না বই কি” বলিয়া জোর করিয়া লাবণ্যের হাত হইতে পুতুলটি কাড়িয়া লইল, লাবণ্য তাহার জোরে পারিল না। পুতুলটি হারাইয়া তাহার বড় কষ্ট হইল—সে কাড়িয়া

ফেলিল। চক্ষু দিয়া জল পড়িবা মাত্র অমনি তাহার আর একটি ঘটনা মনে পড়িয়া গেল, এতক্ষণ সে কথা এক মুহূর্তের জন্তও তাহার মনে হয় নাই। লাবণ্যের মনে পড়িল—পুতুলটি তাহার নহে, তাহার ছোট বোন মালতীর। মালতী প্রথম ভাগ শেষ করিয়াছে তাই মা আহ্লাদ করিয়া এই পুতুলটি আজ সকালে তাহাকে পুরস্কার দিয়াছেন। লাবণ্য তাহা দেখিয়া মায়ের কাছে তখন পুতুল চাহে—মা বলেন—“বাছা তোমাকেও ত আমি তোমার প্রথম ভাগ শেষ হইলে এইরূপ একটি পুতুল দিয়াছি। আবার দ্বিতীয় ভাগ শেষ হইলে আর একটি দিব, তুমি যত্ন করিয়া বইখানি শেষ কর দেখি”—

কিন্তু দ্বিতীয় ভাগ শেষ করা পর্য্যন্ত অতদিন ধৈর্য্য সহকারে পুতুলের জন্ত অপেক্ষা করা লাবণ্যের কাজ নহে; সে সেইদিনই জোর করিয়া মালতীর পুতুলটি কাড়িয়া লইল। বেচারী মালতী তাহার সহিত পারিল না, কাঁদিয়া নিরস্ত হইল। লাবণ্য আরো বলিল—“যদি মাকে এ কথা বলিস্ ত তোকে মারিব।” মালতী তাই ভয়ে ভয়ে সে কথা মাকেও বলিল না।

সকালের এই ঘটনা এখন লাবণ্যের সমস্ত মনে পাড়িয়া গেল। পুতুল কাড়িয়া লওয়ায় মালতীর কত কষ্ট হইয়াছিল লাবণ্য তাহা এখন বুঝিতে পারিল, তাহার বড়ই অনুতাপ হইতে লাগিল, পুতুলটি বোনকে ফিরাইয়া দিতে সে ব্যগ্র হইয়া উঠিল—কিন্তু পুতুলটি এখন সে কোথায় পাইবে—তাহা আর এখন লাবণ্যের নহে, আর একজন কাড়িয়া লইয়াছে। এই সময় সেই পরী পুতুলটি হাতে করিয়া তাহার নিকট আসিয়া দাঁড়াইলেন। লাবণ্য তখন কাঁদিতে কাঁদিতে পরীর নিকট ক্ষমা প্রার্থনা করিয়া বোনকে

পুতুলটি ফিরাইয়া দিবার ইচ্ছায় তাঁহার নিকট তাহা চাহিয়া লইল।

পুতুলটি হাতে পাইবা মাত্র তাহার ঘুম ভাঙ্গিয়া গেল, দেখিল কোথায় বা পরী কোথায় বা বাগান, পুতুলটিকে কোলে করিয়া যেখানে সে শুইয়া পড়িয়াছিল—সেইখানেই শুইয়া আছে।

লাবণ্য আগিয়া তাড়াতাড়ি উঠিল, উঠিয়া পুতুলটি লইয়া তখনি মালতীকে ফিরাইয়া দিল, এবং সেই পর্য্যন্ত আর সে ভাই বোনকে কঁাদাইয়া তাহাদের কোন খেলনা পত্র লইত না, ধৈর্য্যসহকারে ভাল সময়ের জন্ত অপেক্ষা করিয়া থাকিত।

আমরা পূর্বেই বলিয়াছি, যে বুদ্ধি আমাদিগকে শুভ কর্মে চালিত ও অন্তায় কর্ম হইতে বিরত করে তাহাই সুবুদ্ধি।

লাবণ্যের সুবুদ্ধির উদ্রেক হওয়াতেই লাবণ্য এইরূপ স্বপ্ন দেখিয়াছিল, এবং এই বুদ্ধির অনুসরণ করিয়াই লাবণ্য পরে ভাল হইল। লাবণ্যের মত সকলেরি সুবুদ্ধির অনুসরণ করিয়া চলা কর্তব্য।

শান্তি নিকেতন ।

সঙ্গীত ।

কি সুন্দর নিকেতন, নেহারিয়া পূর্ণ মন
 স্বত উচ্ছ্বসিয়া উঠে, তোমা পানে, জগত-জীবন ।
 তোমারি মঙ্গল গাথা, গাহিছে প্রকৃতি হেথা,
 তোমারি মঙ্গল ভাব, পাতিয়াছে হেথায় আসন ।
 তোমার শান্তির হাস, চারি দিকে পরকাশ,
 তাহারি বিমল ছায়ে, ঘুमाইছে স্নিগ্ধ উপবন ।
 যে দিকে ফিরাই আঁখি, শান্তির সুখমা দেখি,
 তোমার স্নেহের ভাবে, অভিভূত হৃদি প্রাণ মন ।
 হেথায় প্রভেদ নাই, নভঃ পৃথ্বী এক ঠাই
 তব প্রেমামৃত পিয়ে, আনন্দে করিতে আলিঙ্গন ।
 সে প্রেম উছলি আসি, হৃদয় মন্দিরে পশি
 সঞ্চরে তাপিত প্রাণে, প্রভু ওহে নূতন জীবন ।
 সুরভি লহরী তুলি, বিজনে পরাণ খুলি,
 তোমারি মহিমা গায়, দিবস রজনী সমীরণ ।
 চারি দিকে তরুলতা, হরষে নোয়ায়ে মাথা
 সমভাবে এক মনে, ধোয়াইছে তোমারি চরণ ।
 এমনি এ পুণ্য স্থান, সংস্রবে পবিত্র প্রাণ,
 পৃথিবীর ছুঃখ জালা, করে ভয়ে দূরে পলায়ন ।
 পিতৃ গো আজি কে ভাই, এসেছি এ পুণ্য ঠাই,
 জুড়াও তাপিত হৃদি, করি শান্তি সূধা বরিষণ ।

বীরেন্দ্র সিংহের রত্ন লাভ ।

সত্যমেব ব্রতং যন্ত দয়াদীনেষু সর্বদা

কামক্রোধৌ বশে যন্ত তেন লোকত্রয়ং জিতম্ ।

সত্যই ঘাঁহার ব্রত, সর্বদা দীনে ঘাঁহার দয়া, কাম ক্রোধ ঘাঁহার বশীভূত লোকত্রয় জয় করিতে তিনিই সমর্থ ।

সংসারে ধন একটি প্রধান প্রয়োজনীয় বস্তু । কেননা ধনে আমাদের অনেক অভাব মোচন হয়, ধন ব্যবহার করিতে জানিলে ইহা দ্বারা জগতের অনেক উপকার সাধিত হয়, সুতরাং সকলেরই জ্ঞায়পথে থাকিয়া ধন উপার্জনে যত্নবান হওয়া উচিত । কিন্তু তাই বলিয়া যিনি মনে করেন ধনেই বড় লোক হওয়া যায়— তিনি বড় ভুল বুঝেন । দেখ রাবণ কত বড় ধনী ছিলেন । তাঁহার লঙ্কাপুরী স্বর্ণময়ী—দেবতাগণ তাঁহার দাসত্ব করিতেন, কিন্তু তাঁহাকে ত কেহ বড় লোক মনে করে না । কেন করে না ? আমরা ত পূর্বেই বলিয়াছি অন্মায় কর্মের পরিত্যাগেই লোকে যথার্থ বড়লোক হয়, অন্মায় কর্ম করিয়া কেহ বড়লোক হয় না । রাবণ অধর্ম্মাচারী ছিলেন সেইজন্ত অতুল ঐশ্বর্য্য ও ক্ষমতার অধিকারী হইয়াও তিনি বড় লোক নহেন । এ কথা কিন্তু সকলে বোঝে না ; মনে করে ধনবান, ক্ষমতাবান হইলেই বড় লোক হওয়া যায় । পুরাকালে দাক্ষিণাত্যের এক রাজসভায় বীরেন্দ্র সিংহ নামে এক রাজমন্ত্রী ছিলেন—তিনিও ইহা বুঝিতেন না । তাঁহার বড় লোক হইবার বড় সাধ ছিল, তিনি মনে করিতেন রাজক্ষমত্যা, রাজধন পাইলেই তিনি বড় লোক হইবেন । এই লোভের বশবর্ত্তী হইয়া তিনি অন্মায় পূর্ব্বক তাঁহার প্রভুর সিংহাসন অধিকার করিয়া স্বয়ং রাজা হইলেন ।

বীরেন্দ্র সিংহ বড় মৃগয়াপ্রিয় ছিলেন । এক দিন তিনি সৈন্ত-সভাসদগণের সহিত মৃগয়ার গমন করিলেন,—সহস্র সহস্র অশ্বপদদর্পে প্রান্তরপথ কম্পিত করিয়া মৃগয়াক্ষেত্রে আসিয়া উপনীত হইলেন । ক্ষেত্রের প্রান্ত সীমা হইতে একটা হরিণশাবক ভয়-বিহ্বল-নেত্রে অশ্বারোহীদিগের প্রতি একবার চাহিয়া দেখিয়া সহসা দ্রুতবেগে পলায়ন করিল, মহাবাজ সঙ্গিবর্গকে পশ্চাতে ফেলিয়া তাহার অনুসরণ করিলেন ।

বেলা দ্বিপ্রহর হইয়াছে, সূর্য্যের প্রখর কিরণে চারিদিক ঝাঁ ঝাঁ করিতেছে, উত্তপ্ত বায়ু শ্রোতে উত্তপ্ত ধূলিকণার তরঙ্গ উঠিতেছে, চারিদিক নিস্তব্ধ,—দিগন্ত-শূন্য বিশাল প্রান্তরে মৃগশিশুটি বিদ্যাতের মত এক একবার মহারাজকে দেখা দিয়া মাঝে মাঝে উন্নত অসমভূমি, ক্ষুদ্র ঝোপঝাপ ও তৃণস্তুপের অন্তরালে আবার অদৃশ্য হইয়া পড়িতেছে । আর লোক নাই, আর পশু নাই—অগ্নিময় প্রান্তর যেন জীব-শূন্য । অতিরিক্ত পরিশ্রমে মহারাজের শরীর শ্রান্ত ক্লান্ত, মৃগয়ার উৎসাহে তথাপি তিনি শ্রান্তি অনুভব করিতেছেন না, অবিশ্রান্ত অব্যাহত বেশে মৃগের অনুসরণ করিতেছেন । দেখিতে দেখিতে মৃগশিশুটি প্রান্তর ছাড়াইল, তিনিও প্রান্তর ছাড়াইলেন, মৃগ এক অনিবিড় বন মধ্যে প্রবেশ করিল, তিনিও প্রবেশ করিলেন ; বন মধ্যে একটা মন্দির, তথায় মৃগ-শিশু প্রাণপণ গতিতে আশ্রয় গ্রহণ করিল,—রাজা হতাশ হইয়া মন্দিরের দ্বারে আসিয়া দাঁড়াইলেন, বুঝিলেন তাহা মন্দিরের প্রতিপালিত মৃগ—সুতরাং অবধ্য ।

নিরাশ অবসন্ন রাজা শ্রান্তি দূর করিতে মন্দিরে আশ্রয় গ্রহণ করিলেন । পুরোহিতের আতিথ্য-সৎকারে গতশ্রম হইয়া ক্ষয়ৎ-

‘ক্ষণ’ শব্দের তিনি দেব চরণে প্রণাম করিতে গমন করিলেন। অপরাহ্নের নিস্তেজ সূর্য্যাস্ত্র মন্দির ভেদ করিয়া শিবমূর্ত্তি উজ্জল করিতে অক্ষম,—শিবের গাত্রজড়িত একটি সর্পের মস্তকস্থিত জলন্ত দীপালোকে তাঁহার মূর্ত্তি বিভাসিত দেখিলেন। প্রণাম করিয়া উঠিবার সময় মহারাজের দৃষ্টি প্রদীপে আকৃষ্ট হইল—কি আশ্চর্য্য! দেখিলেন প্রদীপ তৈলশূন্য অথচ তাহার সমুজ্জল দীপ্তির কিছুমাত্র হ্রাস নাই। মহারাজকে বিস্মিত দেখিয়া পুরোহিত বলিলেন “মহারাজ বিস্মিত হইবেন না, ইহার নাম ইচ্ছাদীপ্ত প্রদীপ। এই প্রদীপের নিম্ন ভূমিতে মহাদেব একটি দেবরত্ন রাখিয়া ইহা জ্বালাইয়া রাখিয়াছেন। যদি কেহ এই রত্নটি গ্রহণ করিতে সমর্থ হয় তবেই এই প্রদীপ নিভিবে নতুবা ইহার নির্বাণ নাই”।

মহারাজ অতি আগ্রহের সহিত জিজ্ঞাসা করিলেন “সে রত্নটি কি?”

পুরোহিত বলিলেন “জগতের সার রত্ন। উহা লাভ করিলে মানুষের দেবত্ব হয়”। মহারাজের লোলুপ হৃদয় তাহা লাভ করিতে উৎসুক হইল; তিনি বলিলেন “উহা কিরূপে লাভ করা যায়? পুরোহিত বলিলেন “ইহা লাভ করিতে হইলে পৃথিবীজয়ী হইতে হইবে, পৃথিবীজয়ী না হইলে লাভের আশা বৃথা।”

মহারাজ তাহা লাভ করিতে কৃতসঙ্কল্প হইলেন। যাইবার সময় পুরোহিত তাঁহার হস্তে একটা কুশাস্থবী পরাইয়া তাহাতে দেবপ্রদীপের কালী মাথাইয়া বলিলেন “যে দিন দেখিবে এই কালীর দাগ মুছিয়া গিয়াছে সেই দিন বুঝিও তুমিও পৃথিবীজয়ী হইয়া এই রত্ন লাভের অধিকারী হইয়াছ—দীপ নিভিয়াছে।”

রাজা বাড়ী ফিরিয়া আনিলেন—দিগ্বিজয়ের সমস্ত বন্দবস্ত হইল, মহারাজ দিগ্বিজয়ে গমন করিলেন। তখন রাজগণ ভারত

জয় করিতে পারিলেই আপনাকে পৃথিবীজয়ী জ্ঞান করিতেন। বীরেন্দ্র সিংহ সমস্ত ভারতবর্ষ জয় করিয়া দেশে প্রত্যাবর্তন করিলেন। আফ্লাদে হৃদয় উন্মত্ত, তিনি মানব হইয়া স্বীয় ক্ষমতার দেব-রত্ন লাভ করিবেন, এ পর্য্যন্ত ধরাধামে এরূপ সৌভাগ্য কাহারও ঘটে নাই ;—কিন্তু সহসা তাঁহার সে আফ্লাদ দূর হইল, পুরোহিত কুশাঙ্গুরীয় পরাইয়া যে কথা বলিয়াছিলেন তাহা মনে পড়িল, হস্তের দিকে চাহিয়া দেখিলেন অঙ্গুরীয়কের কালীর চিহ্ন যেমন তেমনি রহিয়াছে। মহারাজ নিরাশ হৃদয়ে মহামহোপাধ্যায় শাস্ত্রজ্ঞ পণ্ডিতদিগকে আহ্বান করিলেন। মন্দিরের বৃত্তান্ত তাঁহা-দিগকে বলিয়া এ সম্বন্ধে তাঁহাদের পরামর্শ জিজ্ঞাসা করিলেন। পণ্ডিতগণ বলিলেন “পুরোহিতের কথামুদ্রাপ আপনি পৃথিবী জয় করিলেন কিন্তু তাহাতেও যখন অঙ্গুরীয়কের কালী মুছিল না, তখন পুরোহিতের কথার যথার্থ অর্থ তাহা নহে। পৃথিবীর রক্ত-পাতে যথার্থ পৃথিবী জয় হয় না। যখন আপনি পৃথিবীর হৃদয় জয় করিতে পারিবেন তখনই যথার্থ পৃথিবীজয়ী হইবেন। জগতের লোক ভয়দৃষ্টিতে আপনাকে মনুষ্যহস্তা বলিয়া না দেখিয়া যখন ভালবাসার চক্ষে, ভক্তির চক্ষে দেখিবে, যখন জগতের হৃদয় অধি-কার করিবেন তখন আপনি পৃথিবী জয়ী হইতে পারিবেন।”

মহারাজ এই কথা সত্য বলিয়া বুঝিলেন ; রাজ্যের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্য্যন্ত ধন রত্ন ঢালিয়া দিতে লাগিলেন, যশে জগত ধ্বনিত হইল, কিন্তু হায় ! রাজা ব্যথিত হৃদয়ে দেখিলেন তাঁহার অঙ্গুরীয়ক এখনও কালীময়। শাস্ত্রজ্ঞ পণ্ডিতদিগের কথাও ব্যর্থ দেখিয়া কালী মুছিবার উদ্দেশ্য জানিতে ক্ষুব্ধহৃদয়ে আবার তিনি সেই দেবমন্দিরের পুরোহিতের নিকট যাত্রা করিলেন।

যাইবার সময় পথে একজন সন্ন্যাসী তাঁহাকে ম্লান দেখিয়া তাহার কারণ জিজ্ঞাসা করিলেন। সবিশেষ শুনিয়া সন্নেহে কহিলেন “বৎস, রক্তপাত করিয়া, কিম্বা যশের কামনা-পরবশ হইয়া পৃথিবীজয়ী নামের আশা করিও না। তাহাতে সে প্রদীপ নিভিবে না। যদি আত্মজয় করিতে পার তাহা হইলেই তুমি যথার্থ পৃথিবী জয়ী হইবে ও তাহা হইলেই তুমি সেই দেবরত্নের অধিকারী।”

সন্ন্যাসীর কথায় মহারাজের চৈতন্ত হইল। তিনি মন্দিরে না গিয়া পথ হইতে বাটী ফিরিয়া আসিলেন। অত্যাশ্রয়রূপে যে সকল রাজত্ব কাড়িয়া লইয়াছিলেন তাহা ফিরাইয়া দিলেন, নিজের দুশ্রবৃত্তি সকল দমন করিয়া নিঃস্বার্থ ভাবে পরোপকারে কৃত-সঙ্কল্প হইলেন। আন্তরিক প্রার্থনায় ঈশ্বর তাঁহার সহায় হইলেন—ক্রমে লোভ, ঈর্ষা, অহঙ্কার সকলি তাঁহাকে পরিত্যাগ করিল—তিনি ঈশ্বরে আত্ম সমর্পণ করিতে সমর্থ হইলেন। তখন তাঁহার হস্তের কালী মুছিয়া গেল, কিন্তু তখন আর কোন রত্ন লাভে তাঁহার বাসনা রহিল না, তিনি বাসনাহীন হৃদয়ে পুরোহিতকে ধন্যবাদ দিবার নিমিত্ত সেই মন্দিরে গিয়া দেখিলেন, প্রদীপ নিভিয়া গিয়াছে। পুরোহিত বলিলেন—“তুমি যে রত্ন লইতে আসিয়াছ তাহা ইতিপূর্বেই তোমার হইয়াছে—এই দেখ দীপ নির্বাপিত। এখন তুমি কেবল মাত্র পৃথিবীজয়ী নহ—ত্রৈলোক্য জয়ী।”

বালকবালিকাগণ, তোমরা কি বুঝিয়াছ এই গল্পটির গূঢ়ার্থ কি? দুশ্রবৃত্তি মনুষ্যহৃদয়ে সর্পস্বরূপ। মনুষ্যের গুণজ্যোতি হরণ করিয়া সে নিজে প্রতিভীত হয় কিন্তু মনুষ্যকে নিভেজ করিয়া রাখে। সেই স্বপ্নের ধ্বংস দ্বারাই মনুষ্য তাহার মনুষ্যত্ব ফিরিয়া পায়।

দ্বি-প্রহর ।

নিস্তরু নিরুন্ম দিক, শ্রান্তিভরে অনিমিত্ত

বসন্তের দ্বিপ্রহর বেলা ।

রবির অনল কর, শীতলিতে কঁলেবর

সরোবরে করিতেছে খেলা !

বায়ু বহে সন সন, বিকম্পিত উপবন,

ঘু ঘু ডাকে স্কন্ধে ডাক ।

মাঝে মাঝে থেকে থেকে, কোথা হতে উঠে ডেকে

কঠোর গম্ভীর স্বরে কাক ।

নীল নীলিমার গায়, শাদা মেঘ ভেসে যায়,

চিল উড়ে পাতার সমান ।

চাতক সে ক্ষুদ্র পাখী, স্কন্ধে কঠে ডাকি

মেঘে চায় ডুবাইতে প্রাণ ।

মুকুলিত আশ্র শাখে, পল্লবিত তরু থাকে

কুহ কুহ কোকিল কুহরে ।

হিল্লোলিত সরো-কারা, ঘুমায় গাছের ছায়া,

গাভী নামি জল পান করে ।

এলো চুলে মেয়ে গুলি, কলস কোমরে তুলি

মান করি গৃহে ফিরে যায় !

একটি রাখাল ছেলে, দূর মাঠে গরু ফেলে

কুঞ্জ বনে বাঁশদী বাজায় ।

• সঙ্গদোষ ।

মোহজালস্ত যোনির্হি মূঢ়ৈরেব সমাগমঃ

অহংহানি ধর্মস্ত যোনিঃ সাধুসমাগমঃ।

মূঢ় ব্যক্তিদিগের সহবাসে সমূহ মোহের উৎপত্তি হয়, এবং প্রতিদিন সাধু-সংসর্গে নিশ্চিত ধর্মের উৎপত্তি হয় ।

সুবুদ্ধির পরামর্শে আমরা যেরূপ ভাল লোক হইতে পারি—
এবং কুবুদ্ধির পরামর্শে যেমন মন্দ লোক হইয়া পড়ি—সেইরূপ
মন্দ লোকের সহবাসে আমরা মন্দ হইয়া যাই—সাধু সঙ্গে আমা-
দের সাধুতা বৃদ্ধি পায় । সেই জন্য সাধু সঙ্গ যেমন প্রার্থনীয়
মন্দ সঙ্গও তেমনি পরিত্যজ্য । ভাল লোক মন্দ সঙ্গ পড়িয়া
মন্দ হইয়া গিয়াছে এমন অনেক গল্প শুনা যায়—আমি তাহার
একটি তোমাদিগকে বলিতেছি ।

আজ আশ্বিন মাসের সপ্তমী, বনগ্রামের চট্টোপাধ্যায় মহাশয়ের
বাড়ী মা আসিয়াছেন ! প্রাতঃকালের স্নান-ধ্বনি,—শঙ্খ,
ঘণ্টা, ঢাক, ঢোল, সানাইয়ের উত্তেজনা-পূর্ণ মধুর গম্ভীর-তান
সমস্ত গ্রামখানির হৃদয় ভক্তিশ্রোতে তরঙ্গিত করিয়াছে ।

সম্বৎসর-কাল বিবাদে যাহার হৃদয় পুড়িয়াছে এই ভক্তির
প্রভাবে তাহার হৃদয়েও আজ আনন্দ, সম্বৎসর যাহার চোখের
জল শুকায় নাই আজ তাহারও মুখে হাসি ফুটিয়াছে,—মা
আসিয়াছেন—এমন আনন্দের দিনে সাংসারিক ছুঃখ আজ কে
না ভুলিবে ? আজ যে না হাসিবে তাহার জীবনে হাসিবার দিন
আর আসিবে না ।

আজ সকাল হইতে বনগ্রামের রাস্তার দৃশ্য ফিরিয়া গিয়াছে,

গ্রামে এমন লোক নাই যে সাজ সজ্জা না করিয়াছে, একখানি নূতন কাপড় না পরিয়াছে। গাঁয়ের বৌঝিগণ—যাহার যে ভাল কাপড়খানি, যে গহনাগুলি আছে তাহা পরিয়া, আলতা পায়ে দিয়া, খোমটা টানিয়া বৃদ্ধাদিগের সঙ্গে সঙ্গে ঠাকরুণ প্রণামে চলিয়াছে। বালক বালিকাগণ নূতন পরিচ্ছদে সাজিয়া মস্ত লোকের চালে—গম্ভীর ভাবে চারিদিকে দৃষ্টিপাত করিতে করিতে, হাশুপূর্ণ উল্লাসিত উৎসাহিত যুবকমণ্ডলী এবং হরিনামের মালা হস্ত, শ্রীতি গদ্যদ চিত্র বৃদ্ধগণের সহিত একত্রে পূজাগৃহে গমন করিতেছে। বিশ্বজননীর আগমনে আজ গ্রাম কৃতার্থ, পবিত্র, শোভাময়, আনন্দবিভাসিত।

এইরূপে প্রাতঃকাল কাটিয়া গেল, ক্রমে দ্বিপ্রহরের বলিদানের সময় আসিয়া পড়িল,—পূজার দালানের সম্মুখের উঠানে বলিদানের আয়োজন হইয়াছে। গ্রামের যত ছেলেরা মনভরা আনন্দ, মুখভরা হাসি লইয়া একযুগ আগে হইতে এখানে আসিয়া উপস্থিত হইয়াছে। কেবল দীননাথ এখানে নাই, দীননাথ ঠাকরুণ প্রণাম করিয়া সেই যে সকালে ঘরে গিয়াছে সেই অবধি আর তাহার দেখা নাই। দুই প্রহর অতীত হইয়া যায় তথাপি দীননাথকে গৃহে দেখিয়া তাহার মা আশ্চর্য্য হইয়া বলিলেন—“হাঁ রে দীঘু, বেলা দুপর হইল এখনি বলিদান হইবে,—সব ছেলেরা এতক্ষণ পূজা বাড়ীতে, আর তুই যে এখনো ঘরে?”

দীননাথ বলিল—“না মা এ বেলা আমি আর পূজা-বাড়ীতে যাইব না। হরি, কানাই, শ্রাম, কি কেহ আসিলে, আমি বাড়ী আছি—একটু তুমি কাহাকেও বলিও না। বলিলে আর তাহাদের হাত ছাড়াইতে পারিব না।”

তাহার মা এই কথায় একটু ব্যস্ত হইয়া দীননাথের কণ্ঠে হাত দিয়া বলিলেন—“কেনরে বাছা পূজা দেখিতে যাইবিনে কেন? কোন অসুখ করে নাই ত?” দীননাথ বলিল “না মা অসুখ কিছুই করে নাই, এখনি পূজা বাড়ীতে পাঁটা বলি হইবে, আমি বলি দেখিতে পারি না তাই এ বেলা যাইব না”—

দীননাথ আর বেশী কথা কহিবার সময় পাইল না। তাহার কথা শেষ হইতে না হইতে “দীন কোথা—দীন কোথা” বলিয়া চীৎকার করিতে করিতে একদল ছেলে ছড় মুড় করিয়া ঘরের মধ্যে আসিয়া পড়িল। আর এড়াইবার সাধ্য কি—তাহাদের সঙ্গে সঙ্গে বলিদানের পাঁঠার মতই দীননাথ পূজাবাড়ীর উঠানে আসিয়া দাঁড়াইল। তাহারা উঠানে পা দিতে না দিতে বলিদানের শঙ্খ ঘণ্টা প্রভৃতি বাজনা বাজিয়া উঠিল, ধূপ ধূনার গন্ধে উঠান ভরিয়া গেল, পুরোহিত দালানে ছাগশিশু উৎসর্গ করিয়া বন্ধন করিয়া রাখিয়াছিলেন, একজন ব্রাহ্মণ সেই চন্দন সিন্দুর শোভিত, মালাভূষিত ছাগ আনিতে গেল, পুরোহিত হাড়কাঠ পূজা করিয়া খড়্গ মন্ত্রপুত করিতে লাগিলেন। ব্রাহ্মণ ছাগকোড়ে নিকটে আসিয়া দাঁড়াইল—ছাগশিশু তাহার ক্রোড় হইতে পলায়ন করিবার জন্য ছটফট করিতে করিতে চতুর্দিকে আকুলনয়নে দৃষ্টিপাত করিয়া মর্মভেদী স্বরে ডাকিতে লাগিল, যেন সে তাহার আসন্নকাল বুঝিতে পারিয়া কাতর কণ্ঠে অব্যক্ত ভাষায় বলিতে লাগিল—“আমি পশু, তোমরা মানব, আমি ক্ষুদ্র তোমরা মহান। বুঝিতে তোমরা সাগর উল্লঙ্ঘন করিয়াছ, আকাশ তেদ করিয়াছ, দেবতাদের সমকক্ষ হইয়াছ। তবে তোমাদের তুলনার ~~কীট~~ হইতেও কীটাপেক্ষ যে আমি, আমার ক্ষুদ্র জীবন আরো ক্ষুদ্র করিয়া

তোমাদের কিসের এত উৎসব? তবে কেন তোমাদের মানস-জননীকে রাক্ষসী অনুমান করিয়া তাঁহাকে তাহার এ সন্তানের রক্তপাতে প্রসন্ন করিবার প্রয়াসী হইয়াছ? ওগো দুর্বলের বল, অসহায়ের সহায় কে আছে হেথা—যথার্থ মানব কে আছে এখানে, এই দুর্বল অসহায়কে রক্ষা কর—আমার এই ক্ষুদ্র জীবন যাহা তোমাদের কাছে কিছুই নহে কিন্তু আমার নিকট অমূল্য, অসময়ে তাহার শেষ করিও না”। ছাগশিশুর সেই অক্ষুট ভাষা দীননাথ যেন বুঝিতে পারিল। সেই কাতর প্রার্থনা সেই আকুল হৃদয়ের বিলাপ তাহার প্রাণে গিয়া যেন আঘাত করিল। তাহার হৃদয় ফাটিয়া চক্ষে জল আসিতে লাগিল।

পুরোহিত খজা ছাগের গলায় ছুঁয়াইয়া কামারকে দিলেন। ছাগের গলা হাড়কাটে দেওয়া হইলে কৰ্ম্মকার সেই ভীষণ খজা উত্তোলিত করিল। তাহার পর দীন আর কিছু দেখিতে পাইল না, তাহার মাথা ঘুরিয়া আসিল, চোখ মুদিয়া সে বসিয়া পড়িল। যখন চক্ষু খুলিয়া আবার দাঁড়াইল—দেখিল তখন আর পাঠা সেখানে নাই, বলিদানের স্থান রক্তপ্লাবিত। দেখিয়া সে বুঝিল বলিদান হইয়া গিয়াছে।

(২)

সেই দিন হইতে দীননাথের গ্রামে থাকা ভার হইয়া উঠিল। ছেলেরা তাহাকে দেখিলেই উপহাস করিতে থাকে। একজন তাহাকে সাড়ি পরাইয়া মেয়ে সাজাইতে চাহে, আর একজন অমনি গম্ভীর ভাবে বলিয়া উঠে—“হাঁ হাঁ এমনো কথা! ইনি আমাদের সিপাই পুরুষ, ইহাঁকে গ্রামের সীমায় দাঁড় করাইয়া দিলে আর কোন ভাবনাই থাকিবে না,”—আর এজন্য বলিয়া

উঠেন—“হ্যাঁ বীর বই কি—তা আবার বলিতে, সে দিন পাঁটা বলি দেখিয়া মুচ্ছা গিয়াছিলেন। বীরের হাতে গোটা কতক পাঁকা-টীর লাঠি আনিয়া দাও।”

এইরূপে গ্রাম-শুদ্ধ ছেলেরা দীনর প্রাণান্ত করিয়া তুলিয়াছে, উপহাসের আলায় সে অস্থির। দীন বেচারী অস্থির হইয়া, কিসে যে তাহাদের হাত হইতে উদ্ধার পাইবে তাহা ভাবিয়া পায় না। কিসে তাহারা তাহাকে ভাল বলিবে প্রাণপণে তাহার চেষ্টা করে। ছেলেরা পাখীর ছানা পাড়িতে গেলে দীন উগেদার হইয়া তাহার সঙ্গে যায়, আগেভাগে তাড়াতাড়ি গাছে উঠিয়া আপনার পুরুষত্ব বজায় রাখিবার চেষ্টা করে। একরূপ কাজ যদিও তাহার একেবারেই ভাল লাগে না, তথাপি সে লজ্জার খাতিরে উপহাসের ভয়ে তাহা করিতে প্রস্তুত। দীন বড় দুর্বল, সে তাহার সঙ্গীদিগের উপহাস কোন মতেই সহিতে পারে না। বরঞ্চ সে পাখীর ছানা পাড়িয়া—নিজের ইচ্ছার বিরুদ্ধে কাজ করিয়া—মনে মনে কষ্ট সহিতে পারে, তথাপি বন্ধুদের হাসিবার কাজ করিয়া উপহাসের পাত্র হইতে চাহে না। ছেলেরা—দড়িতে ঢিল বাধিয়া তাহা ছুঁড়িয়া পাখী মারে,—দীন আগে কখনও তাহা করিত না কিন্তু সেই ঘটনার পর হইতে সে নিজেই অগ্রসর হইয়া ঢিল ছুঁড়ে। এইরূপে নানা প্রকার আপনার বীরত্ব দেখাইয়া সঙ্গীদের মন হইতে সেই দিনকার ঘটনাটা মুছিয়া ফেলিতে চায়।

একদিন গ্রামের দুই চারিজন বালক পাখী মারিতে যাইবে স্থির করিয়া দীনমাথের বাড়ীতে আসিয়া উপস্থিত হইল। তাহাদের দেখিয়া দীন বুঝিল তাহারা তাহাকে ডাকিতে আসিয়াছে।

এ পর্য্যন্ত সে কেবল গাছের ডাল পাতা লক্ষ্য করিয়া টিল ছুঁড়িত, কখনও জীবহত্যা করে নাই। সেই জন্ত উহাদিগকে দেখিবামাত্র তাহার মুখ শুকাইয়া গেল। একজন বালক বলিল—“দীননাথ—এইবার তোমার সাহসের পরিচয়টা দেও, আজ কটা পাখী মারিবে বলদেখি” ?

দীন বলিতে যাইতেছিল—“আজ শরীরটা বড় ভাল নাই,—মা তাই কোথাও যেতে দেবেন না।”

কিন্তু সে কথা কহিবার আগেই আর একজন উপহাস করিয়া কহিল—“দীলুসিংহ কটা পাখী মারিবে—তা আর জিজ্ঞাসা করিতে ? অসংখ্য !”

এই কথায় মহা হাস্য কোলাহল পড়িয়া গেল, দীন ইহাতে অত্যন্ত লজ্জিত এবং ব্যাধিত হইয়া মনে মনে বলিল—“হা ভগবান—কেন তুমি আমাকে এমন দুর্বল স্ত্রীলোকের প্রাণ দিয়া গড়িয়াছিলে ? আমার কি বাস্তবিক একটুও পুরুষত্ব নাই ? প্রতি পদে পদে আমি সকলের নিকট উপহাসাস্পদ হইব ?”

দীন নিজের দুর্বলতা জয় করিতে দৃঢ় সংকল্প করিল। হায় ! পুরুষত্ব ও নিষ্ঠুরতার মধ্যে যে অনেক প্রভেদ তাহা সে বুঝিল না। দীন উত্তেজিতস্বরে বলিল—“কবে ছেলেবেলায় কি করিয়াছি—তার জন্য কি চিরকালই আমাকে ঠাট্টা করিবে ? তোমাদের সকলের আগেই আজ আমি পাখী মারিব”—

বালকেরা দীনের কথা শুনিয়া সমুদ্র চিত্তে সকলে মিলিয়া পাখী মারিতে যাত্রা করিল। প্রথমেই যে পাখীটি দেখিতে পাইল—সেইটিকে দেখাইয়া একজন বালক বলিল, “পল্লোয়ানজি, এই-বার—এইবার”—

এই ব্যঙ্গোক্তি শুনি সেই দীনর গা জলিয়া যাইত। যদিই বা সে পাখী মারিতে একটু ইতস্ততঃ করিত, কিন্তু এই মর্মান্তিক উপহাস বাক্যে আর কথাটি না কহিয়া উত্তেজিত মনে পাখীটিকে লক্ষ্য করিয়া ঢিল ছুঁড়িল। বৃত্তচ্যুত কুসুমের তায় পাখীটী ভূমিতে পড়িয়া ছট ফট করিতে লাগিল, তাহার আহত স্থান হইতে দুই এক বিন্দু শোণিতও মাটিতে পড়িল।

প্রাণীহত্যা-কার্য্যে দীনর এই প্রথম হাতে খড়ি, ইহার পূর্বে সে নিজে রক্তপাত করিয়া তাহা কখনও দেখে নাই। দীনর প্রাণের ভিতর হইতে অশ্রুজল উথলিয়া উঠিতে লাগিল। কিন্তু পাছে অত্যান্ত বালকেরা তাহা বুঝিতে পারে, এই ভয়ে প্রাণপণে তাহা সম্বরণ করিয়া লইল। বালকেরা পাখীটি হস্তগত হইয়াছে দেখিয়া আত্মলাদে চীৎকার করিয়া উঠিল, এবং দীনকে প্রশংসা করিতে করিতে অন্য পাখীর চেষ্টায় ঘুরিতে লাগিল।

৩

ইহার পর চারি পাঁচ বৎসর চলিয়া গিয়াছে। এখন বনগ্রামের এমন পরিবর্তন ঘটিয়াছে যে এখন আর উহাকে সেই গ্রাম বলিয়াই চেনা যায় না। পূর্বেকার ভদ্রপল্লী ও গ্রাম্য কুটারের স্থলে এখন নূতন বড়মাল্লখদিগের এবং নীলকর সাহেবের বড় বড় বাড়ী ধপধপ করিতেছে। তখনকার অনেক লোক এখন গ্রাম ত্যাগ করিয়া গিয়াছে, বালকমণ্ডলী এখন যুবা হইয়া উঠিয়াছে। কত নূতন লোকের আবির্ভাব, কত পুরাতন লোকের তিরোভাব হইয়াছে।

আজ আবার সেই সপ্তমী পূজা। কিন্তু চাটুয্যোদের বাড়ী এখন আর পূজা হয় না, মকদ্দামায় তাহারা সর্ব্বস্বান্ত হইয়া গিয়াছে।

নীলকরের দাওয়ান নবীন ঘোষের বাড়ী আজ পূজার বড় ধুম। কিন্তু সে পূজায় আবাল বৃদ্ধ বনিতা যত সুখী হইত, এ পূজায় যেন তাহাদের তত সুখ হয় না। উঠানে বালক ও যুবকেরা দাঁড়াইয়া আছে, এখনই বলিদান হইবে; এই সকল আয়োজন দেখিয়া যুবকদিগের মনে সেই ছেলেবেলার কথা জাগিয়া উঠিতেছে। চাটুয্যে মহাশয় কেমন ভাল লোক ছিলেন, তাঁহার জ্যেষ্ঠ পুত্র কেমন সকলের সহিত প্রিয়-সম্ভাষণ পূর্বক কথাবার্তা কহিতেন। অমন বনিয়োদি ঘর—একেবারে উৎসন্ন গেল! আর এই নবীন ঘোষ দুদিন আগে লাঙ্গল ধরিতে ধরিতে যাহার প্রাণ গিয়াছে—তিনি আজ বাবু হইয়া কাহারও প্রতি চাহিয়া একটি কথা কহেন না!

পূর্ববৎ অনুষ্ঠান শেষ হইলে ছাগ শিশু হাড়িকাঠে বন্ধ হইল, কামার খড়া উঠাইতে উদ্যত হইয়াছে, এমন সময় একটা কোলাহল পড়িয়া গেল। পুরোহিত বলিলেন, “নব কামার, তুমি থাম—থাম”।

হাকুর মা ছুটিয়া আসিয়া বলিল, “ঠাকুরমহাশয়, নব কামার, যেন এবার পাঁটা বলি না দেয়, কর্তামা রাগ করিতেছেন। আর বারে সে এক কোপে কাটিতে পারে নাই—সেই অমঙ্গলে আগাদের দাদাবাবুর খোঁকাটি মারা গেল—এবার যেন নব খাঁড়া হাতে না করো” অবিলম্বে রামার মা শ্রামার মা দৌড়িয়া আসিয়া ঐ একই কথা বলিতে লাগিল। স্বয়ং বাড়ীর কর্তা নবীন ঘোষ দৌড়িয়া আসিয়া বলিলেন—“ঠাকুরমহাশয় নব কামারকে খাঁড়া ছুঁইতে দিবেন না—তাহা হইলে মা এবার রক্ষা রাখিবেন না”।

উঠানে একটা গোলমাল বাধিয়া গেল, সকলে বলিয়া উঠিল—
“কে বলিদান করিবে? আর একজন কামার থাকিবে আন”।

এই সময় ভিড়ের মধ্য হইতে একজন ছুটিয়া আসিয়া নব কামারের হাত হইতে খড়্গ কাড়িয়া লইয়া বলিল—“ভায়া, খাঁড়া ধরা কি তোমার কাজ, দাও আমাকে দাও”—

সুরোহিত বলিলেন—“এস বাপু দীন কামার, তোমার বড় ডাক নাম—মা প্রসন্ন হউন”—

যে দীননাথ একদিন পাঁটা বলি দেখিয়া মাথা ঘুরিয়া পড়িয়া গিয়াছিল—আজ সে হাসিতে হাসিতে সঙ্গীদের উল্লাসধ্বনির মধ্যে স্বহস্তে বলিদান করিল। খড়্গ উঠাইয়া ছাগের কণ্ঠচ্ছেদ করিবার সময় আজ তাহার হাত একবার কাঁপিল না—হৃদয় একটুও ব্যথিত হইল না। সে যখন বলিদান করিয়া ফিরিয়া আসিল তখনও তাহার মুখে হাসির রেখা বিলীন হয় নাই।

এত পরিবর্তন তাহার কিসে ? কেবল সঙ্গদোষে !

ঝটিকা ।

মেঘে মেঘে মেঘে, ছেয়েছে আকাশ,
 দেখা নাহি যায় চাঁদিকা আর,
 নদীর উরসে ঢেউ সাথে ঢলি
 খেলে না জোছনা রজত ধার ।

মৃদুল পবন বহেনাক আর
 গাছের একটি পাতা না নড়ে,
 বহে কি না বহে তটিনী কে জানে
 ঢেউ ত একটি-নাহিক পড়ে ।

অঁধার আকাশ স্তম্ভিত ধরণী
 মঙ্গলস্তর যেন চারিটি ধার !
 কি বিপ্লব কথা নীরবে কহিছে
 থাকে না বুদ্ধি বা জগৎ আর !

তটিনীর কূলে কুঁড়ে ঘরখানি
 দ্বারের বাহিরে জেলেনী, জেলে—
 ভয়াকুল প্রাণে আছে দাঁড়াইয়ে,
 কুটারের স্নিগ্ধ আলোক ফেলে ।

স্বাধা হইতে ঝটিকার বর্ণনা অংশ গৃহীত।

সহসা অশনি কড় মড় কড়
ঘোষিল ভেদিয়া আঁধার নিশি !
নিবিড় জলদ ভীম গরজনে
সঘনে কাঁপায়ে তুলিল দিশি !

বীর পরাক্রমে এদিকে ওদিকে
মাতিয়ে বহিল পবন রাশি,
ধাঁধিয়ে দিগন্ত বেড়াইছে ছুটে
স্ববিকট ঐ দামিনী হাসি ।

নাহি সে তটিনী প্রশান্ত মুরতি
ভীষণ সংহার-মুরতি তার !
সফেদ তুফানে আক্রমিছে বেলা
হৃদাড় ভাঙ্গিয়ে ফেলেছে পাড় !

সহসা উঠিল করুণ ক্রন্দন !
তরী একখানি যেন রে ডোবে !
কাঁপিয়ে উঠিল ধীবর দম্পতি
হৃদয় দহিল দারুণ ক্ষোভে ।

বলিল জেলিনী “ঐ শুন আহা
কোন অভাগার জীবন যায় !”
ততক্ষণ ছুটি, খুলি দিয়ে শূঁটি
করুণ ধীবর উঠিল ‘না’য় ।

এ কালনিশায় নাহি ভুরুক্ষেপি
রূপ রূপ ঐ চলিল তরী ।

আকুল পরাণে তীরে দাঁড়াইয়ে
কর জোড়ে সতী স্মরিল হরি ।

কত রজনীতে কত ঝটিকায়
সাহসী দয়ার্জ সোয়ামী তার,
কত মরণেরে করেছে বারণ
কতই বিপদ করিয়ে সার ।

সমুখে জাগিল সেই সব ছবি
পরাণ ভরিয়া গাহিল জয়,
পরাণ ভরিয়া ডাকিল হরিরে
'তার' এ বিপদে করুণাময়' ।

চলিল তরনী তুফানে তুফানে
কত পড়ে পুনঃ উঠিছে কভু,
অটল হৃদয় সাহসী ধীবর,
কোন ভয় ডর নাহিক তবু ।

মনে তার শুধু জাগে সে যোদন
ঝটিকা তুফানে চেয়ে না চায়,
কেবলি ইঁাকিছে—“কোথায় রে তোরা
ভয় নেই আর—নে ঘাব আয়”

তবুও উত্তর নাহি দিল কেহ,
 রোদনও আর ত শোনা না যায়,
 অধীর হৃদয়ে বাহি চলে জেলে
 ঝটিকায় তরী রাখাও দায় ।

তুফানের পর উঠিছে তুফান
 গেল গেল তরী নাহিক আশ,
 নাহি ভুরুক্ষেপ সে দিকে তাহার
 জলে চেয়ে দেখে চুলের রাশ ।

ঝাঁপাইয়ে পড়ি চোখের নিমিষে
 পিঠের উপর দেহটি তুলে,—
 তরঙ্গের সাথে যুবিয়া যুবিয়া
 প্রাণ পণে জেলে উঠিল কূলে

জেলেনী দাঁড়ায়ে স্তম্ভিত মূরতি
 ' নামাইল দেহ তাহার কাছে,
 অবসন্ন প্রাণ রুদ্ধশ্বাস-দেহ
 আপনি লুটিয়ে পড়িল পাছে ।

সত্য ।

নাস্তিসত্যসমোধর্ষো ন সত্যাং বিদ্যাতে পরম্ ।

নহি তীব্রতরং কিঞ্চিদনৃতাদিহ বিদ্যাতে ॥

সত্যের সমান ধর্ম নাই সত্য অপেক্ষা শ্রেষ্ঠও আর কিছু নাই, এবং মিথ্যা অপেক্ষা যোর অনিষ্টকর পদার্থ জগতে লক্ষিত হয় না ।

সত্যনিষ্ঠা সর্বশ্রেষ্ঠ ধর্মনীতি, কারণ যাহা ত্রায় তাহাই সত্য, যাহা পুণ্য তাহাই সত্য, আর যাহা অন্যায় যাহা পাপ তাহাই মিথ্যা । পূর্বকালে ভারতবর্ষীয়গণের সত্যের প্রতি গাঢ় অনুরাগ ছিল বলিয়া তাঁহারা বড় লোকও হইয়াছিলেন । দশরথ সত্য রক্ষার জন্য তাঁহার প্রাণাধিক পুত্র রামকে বনবাস দিয়াছিলেন । আমরা বড় লোক হইতে ইচ্ছা করি কিন্তু যতদিন আমাদের সত্যের প্রতি প্রবল অনুরাগ হইবে—ততদিন আমাদের সে আশা বৃথা । তুমি যদি বড় লোক হইতে চাও কখনো মিথ্যা বলিও না । দৈবাৎ অন্যায় কার্য্য করিলে পিতা মাতার ভয়ে মিথ্যা বলিয়া তাহা লুকাইবার চেষ্টা করিও না । যাহার সত্য বলিবার সাহস আছে—পিতামাতা তাহাকে ক্ষমা করেন । যদিই বা ক্ষমা না করিয়া তোমার দোষের জন্য তোমার পিতামাতা তোমাকে ভৎসনা বা অন্য গৌণরূপ শাস্তি প্রদান করেন তাহা হইলেও তোমার সত্য বলিতে বিরত হওয়া উচিত নহে । কারণ সন্তানের মঙ্গল কামনা করিয়াই অর্থাৎ যাহাতে সে ভবিষ্যতে ঐরূপ গর্হিত কার্য্য পুনরায় না করে এই অভিপ্রায়েই পিতামাতা সন্তানকে দণ্ড বিধান করেন, সুতরাং দণ্ডভয়ে ভীতনা হইয়া তাহা সহ্য করাই মঙ্গলবর্ষ । সেই দণ্ডদ্বারাই তোমার ন্যায়ান্যায় বোধ হইবে এবং

কর্তব্যাকর্তব্য শিক্ষা হইবে; সেই সামান্য কষ্ট সহ্য করিয়া তুমি মানুষ নামের বোগা হইবে; ইহা হইতে সুখের বিষয় আর কি আছে। একটি বালক কিরূপ স্থলে সত্য পালন করিয়া জগতের পূজনীয় হইয়াছেন তাহা শুনিবে ?

একদা একদল মুসলমান যাত্রী বোগদাদ নগরে যাইতেছিল। সন্ধ্যা হইয়া পড়িয়াছে এখনো তাহারা প্রান্তর পথ উত্তীর্ণ হইতে পারে নাই, দারুণ শীতে তাহাদের শোণিত যেন বরফের মত জমাট বাঁধিয়া আসিতেছে; নিকটে বসতির চিহ্ন মাত্র নাই; সুদূরে কোন দীপের ক্ষীণালোকও দেখিতে পাওয়া যাইতেছে না—যে তাহা দেখিয়া তাহাদের নৈরাশ্য পূর্ণ হৃদয়ে কথঞ্চিৎ আশার উদ্রেক হয়, তথাপি তাহার লক্ষ্যহীন, নিরাশ হৃদয়ে অগ্রসর হইতেছে। সহসা তাহারা চমকিয়া উঠিল, একদল দস্যু ভীষণ চীৎকার করিয়া তাহাদের নিকটবর্তী হইল। দেখিতে দেখিতে দস্যুদল কর্তৃক তাহারা আক্রান্ত ও পরাভূত হইল। প্রান্তরের সীমানায় ক্ষুদ্র পাহাড়ের অন্তরালে দস্যুদিগের বসতি,— যাত্রীদিগকে বন্দী করিয়া তাহারা সেইখানে লইয়া গেল, এবং তাহাদিগের সর্বস্ব কাড়িয়া লইল। যাত্রীদিগের মধ্যে একটি বালক ছিল, কেবল তাহার নিকটে দস্যুগণ এক কপর্দকও পাইল না। তাহার বস্ত্রাদি উত্তমরূপ অনুসন্ধান করিবার পর একজন দস্যু তাহাকে জিজ্ঞাসা করিল—“তোমার কাছে কি ছুই নাই ?”

বালক বলিল—“আছে।”

দস্যু ভাবিল বালক উপহাস করিতেছে। সে বলিল—“কি আছে?”

বালক বলিল—“৪০টি মুদ্রা আমার কাপড়ের ভিতর আছে?”
দস্যু বালকের কাপড় বেশ করিয়া দেখিয়াছিল, স্মরণে এই কথা
হাসিতে লাগিল। আর একজন বলিল—“ঠাট্টা করিতেছিস্?”

বালক বলিল—“ঠাট্টা নয়, আমি ত বলিলাম—আমার কাছে
৪০টি মুদ্রা আছে”।

এই সময় তাহাদের দলপতি আসিয়া উপস্থিত হইল। সে
শুনিল বালকের কাছে কিছু পাওয়া যায় নাই। সে আবার
বালককে জিজ্ঞাসা করিল—“তোর কাছে কিছুই নাই?”

বালক। আছে।

দস্যুপতি। কি আছে?

বালক। ৪০টি মুদ্রা।

দলপতি। কোথায় আছে?

বালক। আমার কাপড়ের মধ্যে সেলাই করা আছে।

দস্যুপতি তাহার কাপড়ের সেলাই খুলিয়া দেখিল সত্যই
৪০টি মুদ্রা আছে। সে তখন আশ্চর্য্য হইয়া বলিল—“তুমি
নির্কোণের ছায় কেন বলিলে তোমার কাছে মুদ্রা আছে? মুদ্রা
যেখানে লুকান ছিল—তুমি না বলিতে ত কেহ তাহার সন্ধান
পাইত না। বলিবে ত এত যত্নে তাহা কাপড়ের মধ্যে লুকাইয়া
রাখিবার কি দরকার ছিল?”

বালক বলিল “মা আমাকে বলিয়াছেন কখনো মিথ্যা
বলিও না।”

এই কথা হঠাৎ দস্যুপতির মনের ভাব পরিবর্তিত হইল,
সে বলিল—“হায় এই ক্ষুদ্র বালক তাহার মাতার আজ্ঞা
এইরূপে পালন করিতে শিখিয়াছে—আর আমি শূন্য হইয়া

গেলাম' এখনও পরম পিতা ঈশ্বরের আজ্ঞা পালন করিতে শিখিলাম না”।

দস্যুপতি অনুতপ্ত হৃদয়ে বালকের হাত ধরিয়া বলিল—
“আমি তোমার হাত ধরিয়া এই শপথ করিতেছি আর কখনো ঈশ্বরের আজ্ঞা অমান্য করিব না”।

তাহার সঙ্গিগণ এতক্ষণ অবাক হইয়া সমস্ত শুনিতেছিল—
এখন সকলে দস্যুপতির নিকট অগ্রসর হইয়া বলিল, “প্রভু এই বালকের কথায় আমাদেরও চৈতন্য হইয়াছে। আমরাও পাপ-পথ ত্যাগ করিব। আপনি পাপপথে আমাদের নেতা ছিলেন পুণ্য পথেও আমাদের নেতা হউন”।

সেই দিন হইতে দস্যুগণ তাহাদের অধর্মলব্ধ ধনরত্ন সকল দীন দরিদ্রদিগকে বিতরণ করিয়া সাধু-জীবন অবলম্বন করিল।

এই বালকের নাম আবহুল কাদির। পারস্য-ইতিহাসের ইনি একজন বিখ্যাত ব্যক্তি।

বাগানেতে খেলা ।

বাগানে ফুটেছে ফুল, কত বরণের আহা !

কিসুন্দর সাজিয়াছে, বলিতে না পারি তাহা ।

কেউ শাদা ধবধবে কেউ রাসা টুকটুক !

কেউ বা শতেক রং, কারো বা সোণার মুখ !

ধীরে ধীরে বহে বায়ু, ধীরে মেঘ খেলিতেছে ।

গাছের আড়ালে হোথা, চাঁদ উঁকি মারিতেছে ।

বালক বালিকা ছুটি, খেলিছে মনের সুখে,

করিতেছে ছুটাছুটি, হাসি না ধরিছে মুখে ।

“আয় হেথা আয় বোন, দেখ হেথা দেখ চেয়ে,

বকুলের ফুলে আহা তলাটি ফেলেছে ছেয়ে” ।

“আমি দাদা এক ছড়া গাঁথি ভাই জুঁই মালা,

তোমাতে পরায়ে দিয়ে, আবার করিব খেলা ।”

“ওই দিক পানে চেয়ে একবার দেখ বোন !

গোলাপ একটি ফুটি রূপে আলো করি বন ।”

“আহা কি সুন্দর ফুল, দাওনা আমায়ে পাড়ি,

মাকে গিয়ে দিব আমি যখন ঘাইব বাড়ী ।”

মেঘ মনে চাঁদ হোথা, খেলিতেছে লুকোচুরী
বালিকা, খেলিতে সাধ, ডাকিল আদার কবিতা

এস চাঁদ মের সনে শুধু লুকোচুরি খেলো,
খেলিবে মোদের সাথে কত খেলা আরো ভাল ।

“মিছে ডেকে কাজ নাই, আসিবে না, বোন ! শশী ;
ঐ—রাখিবারে কথা তোর, তারাটি পড়িল খসি !”

“আমি যদি ওগো দাদা, এক রাশ তারা পাই,
তাহলে গাঁথিয়ে মালা, তোমারে পরাই ভাই !”

“চল তবে চল বোন, কাজ নেই করে দেরী,
রাত হয়ে এল অই, চল যাই ঘরে ফিরি ।

“কেমন সুখেতে আজ দিন কেটে গেল ভাই
প্রণমি বিভূর পদে চল এবে ঘরে যাই ।”

শ্রীহিরণ্ময়ী দেবী ।



ক্ষমা ।

অক্রোধেন জয়েৎ ক্রোধঃ অসাধুং সাধুনা জয়েৎ ।

জয়েৎ কদৰ্ঘ্যং দানেন জয়েৎ সত্যেন চানৃতং ॥

ক্ষমা দ্বারা ক্রোধকে জয় করিবেক, সাধুতা দ্বারা অসাধুতাকে জয় করিবেক, উপকার দ্বারা অপকারীকে জয় করিবেক, এবং সত্য দ্বারা মিথ্যাকে জয় করিবেক ।

সংসারের সকলেই ক্ষমার প্রত্যাশী । ইচ্ছা করিয়াই হউক আর অনিচ্ছাতেই হউক পরস্পর সকলেই সকলের নিকট কোন না কোন সময়ে অপরাধী হইয়াই থাকে । কিন্তু প্রত্যেকেই যদি প্রত্যেকের অপরাধের প্রতিশোধ গ্রহণ করেন তাহা হইলে সংসার কি অশান্তির আলয় হইয়া উঠে ! বস্তুতঃ সংসারে ক্ষমা পাওয়া যায় বলিয়াই সংসারে শান্তি আছে ।

অন্তকে ভালবাসিতে পারিলে ক্ষমা করা অতি সহজ । আমরা আপনার লোকদিগকে ভালবাসি তাই তাঁহাদিগকে সর্বদাই ক্ষমা করিয়া থাকি । যাহারা মহৎ লোক তাঁহারা পরকেও আপনার মত ভালবাসেন, তাই শত্রুকেও তাঁহারা ক্ষমা করেন,—অপকারীর উপকার করিয়া তাঁহারা তাহার প্রতিশোধ গ্রহণ করেন । ইহাই যথার্থ প্রতিশোধ, কেন না এইরূপ প্রতিশোধে শত্রুও মিত্র হয় ।

তুমি যদি অন্যের নিকট ক্ষমা পাইতে চাহ তবে অন্তকে ক্ষমা করিতে শিখ । যদি শত্রুকেও মিত্র করিতে চাও তবে উপকার করিয়া তৎকৃত অপকারের প্রতিশোধ প্রদান কর ।

রায়পুরের বাগানটির বড় শোভা হইয়াছে। গাছে গাছে লতা উঠিয়াছে, পাতায় পাতায় বিকাল বেলায় সূর্য্যের সোনার কিরণ বিকবিক করিতেছে, বকুল ও কামিনীর তলায় ফুলের তারা ফুটিতে আরম্ভ হইয়াছে। বাগানের মাঝে মাঝে দুর্বাদলের ঘন বনগুলি ছোট ছোট ছেলে মেয়েদিগের জন্ত বিছানা পাতিয়া রাখিয়াছে। রায়পুরের যত বালিকা এসময় এখানে খেলিতে আসিয়াছে। কেহবা ফুল কুড়াইতেছে, কেহবা ঘুটিম খেলিতেছে, কেহবা গাছের তলায় ছুটাছুটি করিয়া বেড়াইতেছে।

এখানে একটি বকুল গাছের তলায় অমলা ও বিমলা ফুল কুড়াইতে মত্ত। টুপ! টাপ করিয়া একবার এখানে একবার ওখানে, একবার অমলার মাথায়, একবার বিমলার গায়ে ফুল পড়িতেছে। তাহারা একটি তুলিতে গিয়া একটি মাড়াইতেছে, কতকগুলি আঁচলে রাখিবার সময় কতকগুলি ফেলিয়া দিতেছে।

ফুল তুলিতে তুলিতে বিমলা সহসা একবার সোজা হইয়া দাঁড়াইয়া অস্ত্রে বলিয়া উঠিল—“ও অমলা, ঐ দিকে চল ভাই, ঐ আস্চে।” অমলা মুখ তুলিয়া দেখিল লক্ষ্মী আসিতেছে, ভয়ে অমলার আঁচল হইতে ফুল পড়িয়া গেল, পা আর সরিল না, থতমত খাইয়া দাঁড়াইল।

দেখিতে দেখিতে লক্ষ্মী আসিয়া উপস্থিত হইল। লক্ষ্মী অগ্র বালিকাদের প্রতি বড় অত্যাচার করিত। সেই জন্ত তাহাকে সকলে ভয় করে, তাহাকে সকলে যমের মত দেখে। কিন্তু লক্ষ্মীর পিতা গ্রামের মধ্যে ধনী, সেই জন্ত লক্ষ্মী যাহাই করুক অগ্র কেহ তাহাতে কথা কহিতে সাহস পায় না—লক্ষ্মীও দেখে কিছুতেই তাহার শাস্ত হয় না, সেও নির্ভয়ে ফাড়া ইচ্ছা করে।

লক্ষ্মী আসিয়া মুখ বাঁকাইয়া, চোখ রাঙ্গাইয়া, অমলার হাত ধরিয়া হড় হড় করিয়া টানিতে টানিতে বিমলাকে বলিল “বলি, বিমলা, তোদের কি বুকের পাটা? সেদিন বারণ করেছি এ গাছের তলায় তোরা কেউ ফুল কুড়াবি নে, আবার এসেছিস? এবার এখানে দেখতে পেলে হাড় ভেঙ্গে দেব।” অমলা ভয়ে কাঁদিয়া ফেলিল, বিমলা আস্তে আস্তে অমলার হাত ধরিয়া সেখান হইতে চলিয়া গেল। লক্ষ্মী তাহাদের আঁচলের ফুল আপনার আঁচলে লইয়া চারিদিকে ছড়াইতে ছড়াইতে কিছু দূরে যেখানে কয়েকটি বালিকা ঘুটিম খেলিতেছিল, সেইখানে আসিয়া দাঁড়াইল। লক্ষ্মীকে দেখিয়া বালিকাগুলি একটু ভয়ে ভয়ে খেলিতে লাগিল।

লক্ষ্মী বলিল, “আমি-খেলব”।

এক জন আস্তে আস্তে বলিল, “এ হাতটা আগে হার জিৎ হয়ে যাক”।

লক্ষ্মীর রাগ হইল। সে বলিল, “কি? আমাকে নিয়ে খেলবি নে? দেখব তোদের এ হাত কে খেলতে দেয়”! বলিয়া সমস্ত ঘুটিগুলি চারিদিকে ফেলিয়া দিয়া রাগে গর্গর্গ করিতে করিতে চলিয়া গেল। সে মুখ ফিরাইবা মাত্র তাহার পৃষ্ঠদেশ লক্ষ্য করিয়া মারিবার ছলে সকল বালিকারা হাত উঠাইয়া আস্তে আস্তে গালি দিতে লাগিল। তাহার সাক্ষাতে ত ভয়ে কিছু বলিতে পারে না, কাজেই সকলে তাহার পশ্চাতে এইরূপে শোধ তুলিয়া থাকে।

লক্ষ্মী সেখান হইতে চলিয়া আসিয়া দেখিল, কুসুম পুকুরধারের কেরাফুলের গাছ হইতে ফুল ছিঁড়িতেছে। লক্ষ্মী একে রাগিয়া আছে, তাহাতে আবার কুসুমকে কেরাফুল ছিঁড়িতে দেখিয়া আরও অলিয়া পড়িল। লক্ষ্মী জানে সে বাগানের ফুলে লক্ষ্মী ভিন্ন আর

কাহারও অধিকার নাই, কিছু না কহিয়া না বলিয়া তাড়াতাড়ি আসিয়াই কুসুমকে এক চড় মারিল, কিন্তু চড় মারিয়া হাত সরাইয়া লইবার সময় সেই ফুলগাছের পাতার কাঁটার তাহার হাত ছড়িলা গেল, ছড়িয়া রক্ত পড়িতে লাগিল।

কুসুমের প্রাণে বড় বেদনা লাগিল ও লক্ষ্মী যে তাহাকে মারিয়াছে, লক্ষ্মী যে তাহার প্রতি অত্যাচার করে সে তাহা ভুলিয়া গেল। কঁাদ কঁাদ চোখে কুসুম লক্ষ্মীকে ধরিয়া পুষ্করিণীর তীরে আনিয়া বসাইল, তাহার পর আপনার আঁচল ভিজাইয়া তাহার হাতে বার বার জল দিতে লাগিল।

লক্ষ্মী কাহারো নিকট এরূপ প্রতিশোধ পায় নাই, লজ্জায় অনুতাপে সে মরিয়া গেল। কুসুমের ব্যবহারে তাহার হৃদয়ের একটি লুক্কায়িত তারে আঘাত লাগিল, এত দিন অগ্নি কেহ সে তার স্পর্শ করিতে পারে নাই। সে যেন আজ সহসা দিব্য জ্ঞান লাভ করিয়া কিয়ৎক্ষণ পরে বলিল—“কুসুম, আজ তুমি আমাকে বাহা শিক্ষা দিলে এ পর্য্যন্ত তাহা আমাকে কেহ শিখায় নাই। তোমার এ উপকার আমি জন্মে ভুলিব না; এই ব্যাপার মনে করিয়া আমি এখন হইতে তোমার মত হইতে চেষ্টা করিব।”

সেই পর্য্যন্ত সত্যি লক্ষ্মীর স্বভাব একেবারে পরিবর্তিত হইয়া গেল। আর লক্ষ্মীকে কাহারো প্রতি অত্যাচার করিতে দেখা যায় না। যখনি অভ্যাস বশতঃ লক্ষ্মী কাহাকেও মারিতে যায়, অমনি সেই দিনকার ঘটনাটি মনে পড়ে, অমনি তাহার মনে অনুতাপ জাগিয়া উঠে, এবং তৎক্ষণাৎ অগ্নায় কৰ্ম হইতে বিরত হইয়া কুসুমের মত ভাল হইতে শেখকল্প করে।

এইরূপে ক্রমে লক্ষ্মী ঈশ্বর হইয়া দাঁড়াইল।

* * * *

ইহার পর কত দিন চলিয়া গিয়াছে, লক্ষ্মীর এখন বিবাহ হইয়া গিয়াছে। কত দিন পরে লক্ষ্মী স্বপুত্রালয় হইতে পিত্রালয়ে আসিয়াছে। লক্ষ্মী এখন সকলকে ভাল বাসিতে শিখিয়াছে, লক্ষ্মীকেও এখন সকলে ভালবাসে। লক্ষ্মীর আগেকার যত সমবয়সী সকলেই তাহাকে দেখিতে আসিয়াছে, কেবল কুসুম আসে নাই। কুসুম কোথায়? কুসুম বুঝি এখন আর এ পৃথিবীর মেয়ে নয়, সে স্বর্গে ফুটিতে গিয়াছে!

লক্ষ্মী বিকালে সেই ছেলেবেলার বাগানটিতে আসিল, বাগানের চারিদিকে বিষমমনে ঘুরিয়া ঘুরিয়া বেড়াইতে লাগিল, বাগানে সেই পরিচিত বৃক্ষাবলী, সেই ঘাসের বন, সেই ফুলের শোভা; এ সমস্তই তাহাকে তাহার বাল্যক्रीড়া স্মরণ করাইয়া দিতে লাগিল। লক্ষ্মী আন্তে আন্তে সেই পুকুর ধারের কেয়াগাছটির কাছে আসিয়া দাঁড়াইল,—এইখানেই তাহার জীবনের প্রথম শিক্ষা। এই পুকুরধারে কত যত্ন করিয়া কুসুম তাহার আহত হস্তে জল দিয়া দিয়াছিল, কিরূপ প্রতিশোধ দিয়া লক্ষ্মীকে সে ভাল করিয়াছে! এই সমস্ত মনে করিয়া অশ্রুজলে লক্ষ্মীর বুক ভাসিয়া গেল। লক্ষ্মী মনে মনে বলিল “কুসুম কোথায় তুমি! তোমাকে আর পৃথিবীতে দেখিতে পাইলাম না, তুমি এখন স্বর্গের দেবী;—কিন্তু লক্ষ্মীর হৃদয়ে তুমি চিরকালই ফুটিয়া থাকিবে।”

শিশু হরি ।

গিয়েছে বেলা ব'য়ে, এসেছে সন্ধ্যা হয়ে,
 শ্রীহরি 'মা' 'মা' করি—ছুটিয়ে আসে ।
 দেখে মা নাহি ঘরে, খুঁজিয়ে গৃহে ফিরে
 আকুল আঁখি নীরে কপোল ভাসে ।
 মেঘেতে ভাসে চাঁদ—জ্যোৎস্নার নাহি বাঁধ,
 তারকা ফুটে ওঠে গগণময়,
 'এই ত চাঁদা মামা, কোথায় মা গো আমা'
 কে দিবে টিপ ভালে—এই সময় !
 আকাশে আঁখি তুলে, শ্রীহরি ফুলে ফুলে
 কেবলি কাঁদে আর—কাতরে ডাকে ।
 মা আসি হেন কালে, মুখু খানি চুমি বলে
 'ভেবে যে সারা হই দেবির পাকে' ।
 কাঁদিয়ে গলা ধরি, হাসিয়ে বলে হরি—
 'মাগো মা সারা দিন, কোথায় ছিলি ?
 এনেছি দেখ ফুল, পরিয়ে দেব ছল,
 যাব না কোথা আর—তোরে যা ফেলি" ।

সাররত্ন ।

সংসারে যে এত ঈর্ষ্যা ঘেব নিষ্ঠুরতা প্রভৃতি দেখা যায় তাহার কারণ কি ? ভালবাসার অভাবই তাহার প্রকৃত কারণ । আমরা যাহাদিগকে ভালবাসি তাহাদিগের প্রতি নিষ্ঠুর আচরণ করিতে আমাদের প্রাণে ব্যথা লাগে, তাহাদিগের মঙ্গল কামনা করিয়া, তাহাদিগের অভাব দূর করিয়া আমরা নিজে সন্তোষ অনুভব করি, আর যাহাদিগকে ভাল বাসি না তাহাদিগের সুখেই আমাদের ঈর্ষ্যার উদয় হয় । সুতরাং প্রেমই সংসারে সুখ সন্তোষের মূল । বাঁহারা যত অগ্নের সুখে সুখী, যত পরোপকারী তাঁহারা তত মহৎ লোক । অনেক সময় আমরা আলস্য-স্পৃহাকে সন্তোষ জ্ঞানে হৃদয়ে পোষণ করিয়া নিজের অবনত অবস্থার উন্নতিতে নিশ্চেষ্ট হই । কিন্তু এই ভ্রান্ত বিশ্বাস নিতান্তই অনর্থের মূল । বস্তুতঃ আলস্য আমাদের যথার্থ সন্তোষ দিতে পারে না, কেবল আমাদের জড়তাব বৃদ্ধি করে মাত্র । প্রকৃত পক্ষে অগ্নের সুখের অবস্থাকে ঈর্ষ্যা করাই যথার্থ অসন্তোষ, কিন্তু উন্নতির জন্ত মানুষের যে উত্তম—সে উত্তমের মধ্যেও যথার্থ সন্তোষ নিহিত ।

যদি সুখী হইতে চাহ ত আলস্য পরিত্যাগ কর, কিন্তু সংসারের সাররত্ন প্রেম ও সন্তোষে হৃদয় উজ্জল করিয়া রাখ ।

একদিন ভাগ্য দেবী মানুষের ভাগ্য মাপিতেছেন—এবং আপনার ক্ষমতায় মনে মনে পূর্ণ অনুভব করিতেছেন এমন সময় গোলাপদলের পার্শ্বদ পরিয়া প্রজাপতিতে চড়িয়া একটি ক্ষুদ্র পরী

সেইখানে আসিয়া উপস্থিত হইল। তাহাকে দেখিয়া ভাগ্যদেবী সহাস্ত-মুখে জিজ্ঞাসা করিলেন—“কোথা হইতে আসিতেছ ? দেখিয়া ত বোধ হইতেছে পৃথিবী হইতে। সেখানকার খবর কি ?”

পরী বলিল—“খবর বড় ভাল নহে। লোকে কেবল সেখানে নিজের ভাগ্যের আর তোমার নিন্দা করিতেছে। বাস্তবিক তোমার ভাঙারে ধন মান, মশ প্রভৃতি মানবের প্রার্থনীয় বস্তুর কিছুই অভাব নাই—তুমি ইচ্ছা করিলেই লোককে সুখী করিতে পার, তবে কেন কর না ? আমি যদি তোমার কাজে থাকিতাম— তাহাহইলে কেহ দুঃখ পাইত না।”

ভাগ্য দেবী ক্রুদ্ধ হইয়া বলিলেন—“বেশ ত তুমি কিছু দিন আমার কাজ করিয়া দেখ না। মানুষকে সুখী করা কেমন সহজ।”

এই বলিয়া ভাগ্য দেবী তাঁহার ধন ভাঙারের চাবি পরীর হাতে দিলেন। পরী ভাগ্যদেবীর ভাঙার খুলিয়া তাহার শোভায় মোহিত হইয়া গেল।

ভাঙারটি তিন ভাগে বিভক্ত। প্রথম কক্ষটি ধন ভাঙার— অগণ্য হীরা মুক্তা, মণি কাঞ্চনের জ্যোতিতে কক্ষ আলোকিত, এই আলোকসাগরে পড়িয়া পরীর চক্ষু ঘেন ঝলসিয়া যাইতে লাগিল।

দ্বিতীয় কক্ষটি মান যশ বিজ্ঞা বুদ্ধির ভাঙার, ইহার দিগন্ত ব্যাপী সৌরভে পরীর হৃদয় মুগ্ধ হইয়া পড়িল।

তৃতীয় কক্ষে বাহুমোহকর বস্তু কিছু ছিল না, এই কক্ষে প্রবেশ করিবা মাত্র একটি অপূর্ণ শান্তিতে তাহার মনপ্রাণ পরিপূর্ণ হইয়া উঠিল। এই কক্ষটি ভাগ্য দেবীর সারস্বতের ভাঙার,—সন্তোষ ও প্রশান্তি এই দুইটি মাত্র রত্ন এখানে রক্ষিত।

এই সকল ধনরত্ন দেখিয়া পরীর হৃদয় আহ্লাদে ক্ষীত হইয়া উঠিল। এত দুর্লভ, অপূৰ্ণ দ্রব্য থাকিতে ভাগ্য দেবী যে কাহাকেও সুখী করিতে পারেন না, ইহা তাহার অত্যন্ত আশ্চর্য্য বলিয়া মনে হইতে লাগিল। এই সকল ধন রত্ন দ্বারা পরী যে পৃথিবীর দুঃখ দূর করিতে সমর্থ হইবে তাহাতে আর তাহার সন্দেহ মাত্র রহিল না।

আশাপূর্ণ হৃদয়ে সে পৃথিবীতে নামিয়া প্রথমেই একটি মাঠের ধারে একখানি ভগ্ন কুটারের প্রতি দৃষ্টিপাত করিল। দেখিল, কুটারে একজন কৃষকপত্নী ক্ষুধিত সন্তানের দিকে চাহিয়া কাঁদিতেছে, আর চাষা নিকটেই ক্ষেত্রে কোদাল পাড়িতেছে। তাহার এমন সঙ্গতি নাই যে একখানি লাঙ্গলও কিনিয়া কার্য্যের একটু সুসার করে। তাহাদের দুঃখ দেখিয়া দয়ালু হৃদয়ে চাষার নিকটে আসিয়া পরী তাহাকে জিজ্ঞাসা করিল—“তুমি কি চাও?”

কৃষক তাহার নিকট কিঞ্চিৎ অর্থ প্রার্থনা করিল, প্রার্থনা পূর্ণ হইলে মহা সুখী হইয়া কুটারে গমন করিল।

পরী মনে মনে ভাবিল, “এই ভাগ্য দেবী যাহা পারেন নাই, আমি তাহা পারিলাম, আমার দানে কৃষক কতদূর সুখী হইয়াছে। আচ্ছা ইহার বেন ধনের অভাব ছিল, কিন্তু যাহার ধনের অভাব নাই সে না জানি ফিসের কাঙ্গাল!” পরী কৌতুহল পরবশ হইয়া একজন ধনীর গৃহে গিয়া দেখিল, ধনী মনে মনে মহা অসুখী। তাহার ধন আছে বটে কিন্তু মান নাই। পরী দয়ালু হইয়া তাহাকে মান দান করিল। মান পাইয়া তাহাকে সুখী হইতে দেখিয়া পরী তখন ভাবিতে লাগিল—“আচ্ছা! একজন ধনের কাঙ্গাল একজন ধনের কাঙ্গাল, এ দুইই যাহার আছে—তাহার কি দুঃখ?”

এই ভাবিয়া পরী এক রাজগৃহে আসিয়া দেখিল, রাজার ধন মান কিছুই অভাব নাই কিন্তু তথাপি তিনি সুখী নহেন। নিষ্ঠুর রাজা প্রজাদিগের উপর সর্বদাই পীড়ন করেন, অথচ তিনি চাহেন সকলোই তাঁহার বশীভূত হয়। পরীর ক্রপায় তাঁহার বাসনাও পূর্ণ হইল, বিদ্রোহী প্রজারাও তাঁহার অন্মুগত হইয়া পড়িল। রাজাকে সুখী করিয়া পরী গর্জিতহৃদয়ে ভাগ্য-দেবীকে এই শুভ সংবাদ দিতে তাঁহার নিকট গমন করিল। পথের মধ্যে তাহার মনে হইল, “আচ্ছা সেই কৃষক যাহাকে ধন দিয়া আমি সুখী করিয়াছি, সে কেমন সুখে আছে একবার দেখিয়া যাই”।

চাষার নিকট আসিয়া পরী দেখিল, চাষা ধনী হইয়াছে বটে—কিন্তু তথাপি সে সুখী হইতে পারে নাই, তাহার ধন-তৃষ্ণা আরও বৃদ্ধি পাইয়াছে মাত্র। পরী তখন তাহাকে আরও ধন প্রদান করিল, কিন্তু তাহাতেও তাহার ধনতৃষ্ণা মিটিল না। তখন পরী হতাশ হইয়া ভাবিল—“একজনকে সুখী করিতে নাই পারিলাম, অপর দুই জনকে ত করিয়াছি”।

কিন্তু তাহাদের নিকট আসিয়া দেখিল, হায়! তাহার সমস্ত দানই ব্যর্থ হইয়াছে—কেহই সুখী হয় নাই। আশা কাহাকেও সহজে ছাড়ে না, অতঃপর পরী ভাবিল—“আমি আর একবার ইহাদিগকে সুখী করিতে চেষ্টা করিব। তৃতীয় কক্ষের ধন এ পর্য্যন্ত কাহাকেও দিই নাই, সেই সার ধন দিয়া ইহাদের দুঃখ দূর করিব।” এই ভাবিয়া পরী তৃতীয় কক্ষের দুইটি রত্ন লইয়া প্রথমে চাষার নিকট, পরে ধনীর নিকট আসিয়া তাহাদের প্রার্থিতধনের পরিবর্তে সমস্তাধন দিতে চাহিল। কিন্তু উভয়ের মধ্যে কেহই তাহা লইতে সন্মত হইল না। তখন পরী রাজগৃহে গিয়া উপস্থিত হইল। যদিও পরীর করুণায় এখন প্রজারা রাজার বশীভূত, কিন্তু নিষ্ঠুর অত্যাচারী রাজা মনে মনে সদাই শঙ্কিত। পরী তাহাকে প্রেম

দেখাইয়া বলিল, “মহারাজ, তুমি এই রত্ন গ্রহণ কর—ইহা গ্রহণ করিলে তোমার অসুখের কারণ বিন্দুমাত্র থাকিবে না।” কিন্তু রাজা সে সাররত্নের প্রকৃত মূল্য কিছুই বুঝিতে পারিলেন না, সুতরাং পরীর দান অগ্রাহ করিলেন। পরী তখন হতাশ-হইয়া ক্ষুণ্ণচিত্তে-ভাগ্য-দেবীর নিকট যাত্রা করিল। যাইতে যাইতে পথে দেখিল, একজন গৃহস্থ সমস্ত দিনের পরিশ্রমের পর স্ত্রী পুত্র কন্যাকে লইয়া আনন্দ উপভোগ করিতেছে এবং তাহার এই সুখের জন্ত মনে মনে ঈশ্বরকে ধন্যবাদ দিতেছে। পরী তাহার নিকট গিয়া আপনার অমূল্য রত্নের এক ক্ষুদ্র ভাগ তাহাকে দিতে চাহিল। গৃহস্থ অতের ছায় তাহা লইতে অস্বীকৃত না হইয়া কৃতজ্ঞচিত্তে তাহা গ্রহণ করিল। পরী তখন আবার তাহার গন্তব্য পথে যাত্রা করিল—তাহার দানে গৃহস্থ প্রকৃত সুখী হয় কিনা তাহা দেখিবার জন্ত সে আর অপেক্ষা করিল না। কিছুতেই যে কাহাকেও সুখী করা যায় এ আশা আর তখন তাহার ছিল না। পরী ভাগ্য-দেবীর নিকট পৌছিয়া বলিল, “মানুষকে সুখী করা যে কত কঠিন, তাহা আমি এখন বেশ বুঝিয়াছি—ইহা না বুঝিয়াই আগে আমি তোমাকে দোষী করিতেছিলাম, সে জন্ত আমাকে ক্ষমা কর। রাজা, ধনী, কৃষক, ও গৃহস্থ—এই চারি জনের একজনকেও যখন সুখী করিতে পারিলাম না, তখন সমস্ত পৃথিবীকে সুখী করিব কেমন করিয়া?” পরীর এই কথায় ভাগ্য-দেবী তাহার দুঃখে দুঃখিত হইয়া বলিলেন, সকলকে তুমি সুখী করিতে পার নাই সত্য, কিন্তু কেহই যে তোমার দানে সুখী হয় নাই তাহা নহে। রাজা, ধনী, চাষা, প্রথমে তোমার দানে সুখী হইয়াছিল; কিন্তু সে সুখ প্রকৃত সুখ নহে, তাই তাহা স্থায়ী হইলনা। কিন্তু ঐ দেখ, একজনকে তুমি প্রকৃত সুখ দিয়াছ। তোমার অনুগ্রহে ঐ গৃহস্থের এত সুখ হইয়াছে যে, জগতে তাহার ছায় সুখী ব্যক্তি অতি বিরল।

বোনের ভালবাসা ।

(ছোট বোনের প্রতি বড় বোন ।)

আমার খুকুরাণি, সোনামণি,
আয় ত কোলে, ভাই !

বুকে ধুয়ে মুখখানি তোর
সদাই দেখতে চাই ।

অমন মধুর হাসি মধুর মুখে
কোথায় আছে কার !

চাঁদা মামা, ঢেলে গেছে
সুধা যত তার ।

অমন নরম নরম, বাধো বাধো
আধো-কথা শুনি !

কোথা হ'তে শিখে এলি
বোনটি, বল্ শুনি,

তোরে দেখলে পরে, হরষ ভরে
হৃদয় ভেসে যায়,

রাখি তোরে বুকে ক'রে
আয় রে থুকু, আয় !

স্বাস্থ্য ।

জ্ঞান ধর্মের উন্নতি সহকারে প্রকৃত মনুষ্যত্ব লাভ করাই ক্ষেত্রমুখ্য জীবনের উদ্দেশ্য, তাহা তোমরা বুঝিয়াছ। যেমন আহাৰ ব্যায়াম প্রভৃতি দ্বারা শারীরিক স্বাস্থ্য লাভ হয়, সেইরূপ জ্ঞান ধর্মে মানসিক, আধ্যাত্মিক স্বাস্থ্য বিকাশিত হয়। বিদ্যালুশীলন আমাদের জ্ঞান-ধর্ম লাভের বিশেষ সহায়তা করে।

যদিও আমাদের দেশে অধুনা ধনোপার্জনের জন্তই সাধারণত বিদ্যার আদর—মাতাপিতা বালকদিগকে অতি শিশুকাল হইতে বলিয়া থাকেন—“লেখা পড়া করে যেই, গাড়ী ঘোড়া চড়ে সেই”। কিন্তু বস্তুতঃ কেবল ধনোপার্জন নহে, বিদ্যা শিক্ষা দ্বারা জীবনের গুরুতর উদ্দেশ্য সকলও সাধিত হয়। বিদ্যায় আমাদের অজ্ঞানতার লাঘব হয়, আমাদের জীবনের উদ্দেশ্য সকলও বহু-পরিমাণে আমরা বুঝিতে সমর্থ হই, এবং আমাদের কর্তব্যপথও আমাদের নিকট উদ্ঘাটিত হয়; ‘স্মৃতরাং সকল বালকেরই বিদ্যা-শিক্ষার প্রতি বিশেষ মনোযোগী হওয়া কর্তব্য। কিন্তু লেখা পড়া করিতে গিয়া শরীরের স্বাস্থ্যের প্রতি তোমাদের যেন আস্থার অভাব না হয়। যেমন লেখা পড়া পরিপাকের যন্ত্র পাকস্থলী, সেইরূপ বিদ্যা পরিপাকের অর্থাৎ বুদ্ধিবৃত্তি চালনার যন্ত্র মস্তিষ্ক। স্বাস্থ্যের হানি হইলে মস্তিষ্ক হীনবল হইয়া পড়ে, স্মৃতরাং সঙ্গে সঙ্গে বিদ্যা শিক্ষারও হানি হয়। যদিই বা স্বাস্থ্যের নিয়মভঙ্গ করিয়া হাতে হাতে ফল প্রাপ্ত না হয়, যাহা কিন্তু ভবিষ্যতে তাহার ফলভোগ অনিবার্য। এই কারণে এ দেশের বিশ্ববিদ্যালয়ের অনেক জ্ঞান ভাল

ছাত্রকে দুর্বল ও রুগ্নকায় দেখা যায়। কিন্তু ধন, মান, বিद्या পারিবারিক সুখ সম্বন্ধেও ভগ্নস্বাস্থ্য ব্যক্তির সুখ নাই, আর একবার স্বাস্থ্যভঙ্গ হইলে পূর্ববৎ তাহা ফিরিয়া পাওয়াও সহজ নহে।

পূর্বতন ঋষিগণ স্বাস্থ্য রক্ষার নিয়ম উত্তমরূপে জানিতেন এবং তাহা পালন করিয়া চলিতেন। সেই জন্তই তাঁহারা দীর্ঘায়ু লাভ করিয়া জ্ঞানধর্ম্মে উন্নত হইয়া জনসাধারণের উপকারে জীবন যাপন করিতে পারিতেন।

কৃতবিদ্য বাঙ্গালীদিগের মধ্যেও যে অধুনা মঙ্গলকার্য্যে উত্তম ও উৎসাহের অভাব দেখা যায় শারীরিক পূর্ণ স্বাস্থ্যের অভাব তাহার একটি প্রধান কারণ। শরীরের সহিত মনের এমনি ঘনিষ্ঠ সম্বন্ধ যে শরীরে ক্ষুদ্রি না থাকিলে মানসিক শক্তিরও সম্যক ক্ষুদ্রি হইতে পারে না। এই সকল কারণে বিদ্যা শিক্ষার ত্রায় স্বাস্থ্যরক্ষার প্রতিও বাল্যকাল হইতেই সকলের বিশেষ মনোযোগী হওয়া কর্তব্য। মানসিক স্বাস্থ্য কিরূপে রক্ষা হয় অর্থাৎ মনুষ্যজীবনের উদ্দেশ্য কিরূপে সাধিত হয় তাহা পুস্তকের আরম্ভেই বলা হইয়াছে— এইবার শারীরিক স্বাস্থ্য রক্ষা সম্বন্ধে তোমাদিগকে কিছু বলিব।

বিশুদ্ধ জল বাতাস, পরিষ্কার পরিচ্ছন্নতা, পুষ্টিকর আহার ও ব্যায়াম স্বাস্থ্যের পক্ষে বিশেষ অনুকূল।

বিশুদ্ধ জলবাতাস ।

কলিকাতায় কলের জলের প্রসাদে পরিষ্কার জলের অভাব নাই, কিন্তু অনেক গ্রাম জলের দোষে পীড়ার আকর হইতেছে । একরূপ স্থলে গ্রামের যে সকল পুষ্করিণীর জল পান করা যায় তাহাতে স্নানাদি করিয়া পানীয় জল কলুষিত করা উচিত নহে । এমন কি কাহারও একখানি কাপড় পর্য্যন্ত সে জলে যাহাতে ডুবান না হয় তাহার প্রতি লক্ষ্য রাখা কর্তব্য । এইরূপ যত্নরক্ষিত পুষ্করিণীর জল প্রথমে উষ্ণ করিয়া পরে ফিলটার করিয়া লইলে অনেক পরিমাণে তাহার দূষণীয়তা দূর হইতে পারে ।

যাঁহাদের কলিকাতা হইতে ফিলটার কিনিয়া লইয়া যাইবার সুবিধা নাই, তাঁহারা নিম্নলিখিত সহজ উপায়ে জল পরিষ্কার করিয়া লইতে পারেন । অর্দ্ধ হস্ত দূরে দূরে তিনটি মৃত্তিকা কলস উপযুগ্মপরি থাকিতে পারে এইরূপ একটি কাষ্ঠের মধ্য-শূন্য ত্রিস্তর কুন্তস্থাপন মঞ্চ প্রস্তুত করাইয়া তাহার উপর একে একে কলস তিনটি স্থাপিত করিবে । উপরের দুইটি কলসের তলদেশে অল্প ছিদ্র করিয়া সর্বোপরিস্থ কলসটিতে বালি এবং তন্নিম্নস্থটিতে কয়লা রাখিয়া প্রথমটি উষ্ণজল পূর্ণ করিবে । সেই বালিপূর্ণ কলসের জল ক্রমে কয়লাপূর্ণ দ্বিতীয় কলসটিতে সঞ্চিত হইয়া তন্মধ্য দিয়া আবার নিম্নের কলসটিতে বিশুদ্ধ হইয়া পড়িবে । তখন তাহা কুঁজা বা মৃত্তিকা-কলসে রাখিয়া পান করিবে ।

প্রতি সপ্তাহে কলসের পুরাতন বালি ও কয়লা ফেলিয়া দিয়া তাহার মধ্যে পুনরায় যেন নূতন বালি ও কয়লা রাখা হয় ।

এইটুকু পরিশ্রম স্বীকার করিয়া যাহারা পানীয় জল বিশুদ্ধ করিয়া লইতে না চাহেন তাঁহাদিগকে স্বাস্থ্যের উপদেশ দেওয়া বৃথা।

পল্লীগ্রামে বিশুদ্ধ জলের অভাব হউক, কিন্তু বিশুদ্ধ বায়ুর সাধারণত অভাব নাই। এ হিসাবে পল্লীগ্রামবাসিগণ কলিকাতা বাসী হইতে সৌভাগ্যবান। কলিকাতার অধিকাংশ বাঙ্গালীর বাস গলি ঘুঁজির মধ্যে। সুতরাং স্বাস্থ্যের জন্ত সকল বালকেরই অন্ততঃ একবার করিয়া মুক্ত প্রান্তরে বিশুদ্ধ বায়ুসেবনের নিমিত্ত বহির্গমন করা কর্তব্য। মুক্ত বিশুদ্ধ বায়ুতে শরীর কিরূপ ক্ষুণ্ণি লাভ করে তাহা কলিকাতা হইতে অল্প দিনের জন্তও যাহারা পল্লীগ্রাম বা পশ্চিম প্রভৃতি দেশে গিয়াছেন তাঁহারা বিলক্ষণ জানেন।

এইখানে একটি কথা বলা আবশ্যক। বালিকাদিগকে ময়দান প্রভৃতি কোন মুক্তস্থানে পাঠান প্রায়ই বাঙ্গালীর পক্ষে সুবিধা হয় না, এরূপ স্থলে সকালে সন্ধ্যায় যাহাতে তাহারা অন্ততঃ বাড়ীর ছাদেও ভ্রমণ করিয়া বেড়ায় ইহার প্রতি দৃষ্টি রাখিতে মাতৃগণ যেন না ভুলেন।

আর একটি কথা। আজ কাল কি গ্রামে কি সহরে সর্বত্রই কেরোসিন তৈলের দীপ ব্যবহৃত হইয়া থাকে। কিন্তু যেরূপ কেরোসিন দীপ হইতে অনর্গল ধূম নির্গত হইয়া গৃহ দুর্গন্ধময় ও শীঘ্র উত্তপ্ত করিয়া তুলে, সেরূপ নিকৃষ্ট দীপ গৃহে প্রজ্জ্বলিত করা স্বাস্থ্যের পক্ষে নিতান্ত ক্ষতিজনক। উৎকৃষ্ট কেরোসিন দীপ হইলেও বন্ধগৃহে উহা ব্যবহার করা ভাল নহে। কারণ, উৎকৃষ্ট দীপ হইতেও অল্প পরিমাণে ধূম নির্গত হয় এবং অত্যন্ত তৈল অপেক্ষা কেরোসিন তৈলের দীপ সমুদীপ্ত বলিয়া এইদীপ্তির প্রভাবে গৃহের বাতাস উষ্ণ হইয়া উঠে। এই সকল কারণে কেরোসিন

দীপের সম্মুখে বসিয়া পাঠ করা অপেক্ষা পাঠের সময় মোমবাতি অথবা অন্ততঃ পক্ষে দুইটি পলিতাবিশিষ্ট সরিষা বা নারিকেল তৈলের দীপ ব্যবহার করাও ভাল। শয়নকক্ষে সারারাত্রি কিরোসিনের আলো জ্বলাইয়া রাখা কোন ক্রমেই উচিত নহে।

পরিস্কার পরিচ্ছন্নতা।

পরিস্কার জল বাতাস পাওয়া সর্বদা স্বাভাবিক নহে, কিন্তু নিজের দেহ এবং নিজের ঘরদ্বার বস্ত্রাদি পরিস্কার রাখা সম্পূর্ণই আমাদের নিজের উপর নির্ভর করে। স্নান, অঙ্গ প্রক্ষালনাদি অনেক বিষয়ে হিন্দুজাতিগণ যেমন অশুভ জাতিদিগের আদর্শস্বরূপ, তেমনি আর কতকগুলি পরিস্কারীয় বিষয়ে তাঁহাদিগকে অমনোযোগী দেখা যায়। যেমন, প্রতিদিন আমরা স্নান করি বটে, কিন্তু তৈল মাখিবার পর উত্তমরূপে অঙ্গ মার্জনা করিনা। প্রতিদিন আমরা জলকাচা বস্ত্র পরি বটে, কিন্তু ময়লা কাপড় পরিতে, ময়লা বিছানায় শুইতে, আমরা তেমন কষ্ট অনুভব করিনা। দুই বেলা আমাদের গৃহে ঝাঁট পড়ে সত্য, কিন্তু তথাপি আমাদের গৃহ ঠিক পরিস্কার নহে। একটা ভাত ঘরে পড়িলে আমাদের গৃহের ছাল উঠিয়া যায়, কিন্তু অনেক সময় ঘরের মধ্যে থুথু কাশী ফেলিতে আমাদের আপত্তি হয় না। প্রদীপের তেলে তেলে গৃহের কোন কোন স্থান একবারে আটা হইয়া যায়। আর ফ্লিনিস পত্র এমন অসজ্জিত ভাবে গৃহের যেখানে সেখানে ফেলা ছড়া থাকে যে ঘর গুলি অনেক সময় আস্তাকুঁড়ের দশা প্রাপ্ত হয়।

এই সকল বিষয়েও, যাহাতে পরিষ্কার ভাবের ব্যত্যয় না হয় তাহার প্রতি দৃষ্টি রাখাও আমাদের একান্ত কর্তব্য।

তেলমাখা শরীরের পক্ষে উপকারক কিন্তু তেল মাখিয়া সাবান অথবা বেশন দ্বারা উত্তমরূপে গাত্র মার্জনা করা স্বাস্থ্যের জন্য অতীব আবশ্যক।

রজকের দোষে অর্থাৎ ধোপা বস্ত্র ধোত করিয়া আনিতে সাধারণতঃ বহু বিলম্ব করায়, প্রায়ই বাধ্য হইয়া আমাদের ময়লা কাপড় পরিধান করিতে হয়। কিন্তু এরূপ অবস্থায় সাজিমাটি দিয়া ঘরে সহজেই বস্ত্রাদি পরিষ্কার করিয়া লওয়া যাইতে পারে। ময়লার প্রতি আন্তরিক বিতৃষ্ণার উদ্রেক হইলে অবশ্যই এই উপায় অবলম্বিত হইবে সন্দেহ নাই।

ঘর দ্বার কেবল সম্মার্জনী-মার্জনী ব্যতীত যাহাতে পরিপাটীরূপে সজ্জিত থাকে তাহার দিকেও আমাদের লক্ষ্য রাখা আবশ্যক। অতি অল্প পরিশ্রমেই ইহা সম্পন্ন হইতে পারে। জিনিষপত্রগুলি যথাস্থানে সন্নিবেশিত ও ঘরের কোলদ্বায় বা টেবিলে দুই একটি ফুলদানীর উপর দুই চারটি ফুল রাখিলে ঘরটি কেমন সুবিস্তৃত ও নয়নপ্রীতিকর হয়। বারান্দায়, উঠানে অল্প স্বল্প ফুলের টব সাজাইয়া রাখিলে কেমন সুন্দর দেখিতে হয়। এইরূপ গৃহসজ্জায় আমাদের নয়ন ও মনের পরিতৃপ্তির সঙ্গে সঙ্গে সৌন্দর্য্য-জ্ঞান এবং সুকৃচিরও উৎকর্ষ লাভ হয়। বলা বাহুল্য, সৌন্দর্য্য-জ্ঞান আমাদের যত বাড়িবে পরিষ্কারভাবে প্রতিও তত আমাদের লক্ষ্য বাড়িবে। এখন আমরা যেরূপ ময়লার মধ্যে বিনাকষ্টে থাকিতে পারি—তখন তাহা কষ্টকর জ্ঞান করিয়া আপনা হইতেই পরিত্যাগ করি এবং উত্তমরূপ পরিচ্ছন্নতায় আমাদের শরীর মন উভয়েই

ক্ষুধা সাধন হইবে। স্নাতকঃ সর্বতোভাবে পরিষ্কার পরিচ্ছন্ন থাকিবার দিকে আমাদের সকলেরই—বিশেষতঃ আমাদের স্ত্রীলোকদিগের বিশেষ লক্ষ্য রাখা কর্তব্য। গৃহীণীগণ উক্তরূপ পরিষ্কৃতি এবং গৃহ পারিপাট্যের আবশ্যিকতা বুঝিলেই তাহা স্বেচ্ছাক্রমে সাধিত হইতে পারিবে।

খাদ্য ।

কিরূপ আহার আমাদের স্বাস্থ্যের পক্ষে বিশেষ আবশ্যক, তাহা জানিতে হইলে খাদ্যের গুণাগুণ প্রথমে কিছু বুঝা আবশ্যক।

অধুনাতন বিজ্ঞানবিৎ-পণ্ডিতেরা চারি শ্রেণীতে সমস্ত ভক্ষ্য-দ্রব্যকে বিভক্ত করিয়া থাকেন।—যথা—

- ১। সস্ককারী বা প্রাণকারী।
- ২। তৈল বা চর্কি জাতীয়।
- ৩। শ্বেতসার।
- ৪। ধাতব।

সস্ককারী বা প্রাণকারী পদার্থে সচরাচর চারিটি মৌলিক বা ভৌতিক পদার্থ দেখিতে পাওয়া যায়। যথা—কার্বন, অক্সিজেন, জলজান ও অজারজান। কখন কখন উহাতে গন্ধক ও ফসফোরাসও পাওয়া যায়। ময়দা, ডিম্ব, মাংস ও ছদ্ম এই সমুদায়ের সারাংশ এই জাতীয় পদার্থ।

২। চর্কি। ইহাতে তিনটি ভৌতিক পদার্থ পাওয়া যায়।

অঙ্গারজান, জলজান ও অম্লজান। সকল প্রকার চর্বি ও তৈল এই জাতীয় পদার্থ।

৩। শ্বেতসার। ইহাতেও তিনটি মৌলিক পদার্থ পাওয়া যায়। অঙ্গারজান, জলজান ও অম্লজান। তবে চর্বিজাতীয় পদার্থে জলজানের ভাগ অধিক। আমাদের প্রায় সকল প্রকার খাদ্যদ্রব্যের মধ্যে শ্বেতসার অত্যধিক পরিমাণে পাওয়া যায়। গঁদ, শর্করা, আরারুট, তণ্ডুল ময়দা, আলু ইত্যাদিতে অত্যধিক পরিমাণে শ্বেতসার আছে।

৪। ধাতব পদার্থ ও জল। এই দুই পদার্থ সকল ভক্ষ্য দ্রব্যের মধ্যেই নূনাধিক পরিমাণে পাওয়া যায়।

উপরি উক্ত চারি বিভাগের মধ্যে কোন একটি দ্রব্য অধিককাল পর্যন্ত আহার করিয়া প্রাণধারণ করিতে পারা যায় না। প্রকৃত জীবনধারণোপযোগী আহারে এই চারি জাতীয় পদার্থের উপযুক্ত পরিমাণে সংমিশ্রণ আবশ্যিক। কিন্তু কোন সম্বকারী পদার্থ যদি সহজে জীর্ণ হয় তাহা হইলে অত্র জাতীয় পদার্থের সাহায্য ব্যতীতও ইহা জীবন ধারণোপযোগী হইতে পারে। কারণ, সম্বকারী পদার্থে যে চারিটি মৌলিক পদার্থ দেখা যায় ঐ চারিটি মৌলিক পদার্থে মনুষ্য দেহও গঠিত হইয়াছে, সুতরাং মনুষ্য দেহ ও সম্বকারী পদার্থের রাসায়নিক সংঘটন একই। এতদ্ব্যতীত ধাতব পদার্থ ও জলও আমাদের দেহে পাওয়া যায়।

প্রতি মুহূর্ত্তেই আমাদের শরীর হইতে বর্ষ্য প্রভৃতির নিঃস্রবণের সঙ্গে যে এক প্রকার ক্ষার জাতীয় পদার্থ নির্গত হইতেছে, আহাৰ কর বা না, কুর ইহা নির্বন্ধনের বিরাম নাই। এই নিঃস্রবণ শরীরকৃত্যান্তরিক সম্বকারী পদার্থের রূপান্তর দ্বারা। এই কালে

স্বকারী পদার্থ দ্বারা শরীরের ক্ষতি সর্বাপেক্ষা অধিক পূরণ হইয়া থাকে। অঙ্গারাম্ন ও জল যাহা সর্বদা ক্ষয়প্রাপ্ত শরীর-জাত দ্রব্য মধ্যে পাওয়া যায়, তাহাও স্বকারী পদার্থের অল্পজ্ঞান ও অঙ্গারজ্ঞান হইতে উদ্ধৃত হইতে পারে।

তোমরা এখন বুঝিতে পারিয়াছ স্বকারী পদার্থ চারি প্রকার ভক্ষ্যদ্রব্যের মধ্যে সর্ব প্রধান, এবং কোন কোন অবস্থায় অল্প শ্রেণীর সাহায্য ব্যতিরেকেও ইহা প্রাণধারণোপযোগী হইতে পারে। কিন্তু ইহা সত্ত্বেও স্বকারী পদার্থ অসুবিধাজনক ও অপরিমিত খাদ্য। একটি উদাহরণ দিয়া বুঝান যাউক। ডিম্বসার একপ্রকার প্রধান স্বকারী পদার্থ। ইহার শতভাগের মধ্যে ৫৩ ভাগ অঙ্গারজ্ঞান ও ১৫ ভাগ ক্ষারজ্ঞান পাওয়া যায়। যদি কোন ব্যক্তিকে কেবল ডিম্বের শুঁত ভাগ আহার দেওয়া যায় তাহা হইলে মোটামুটি ধরিতে গেলে সে ব্যক্তি প্রত্যেক ক্ষারজ্ঞান ভাগের সহিত সাদৃশ্য তিন ভাগ অঙ্গারজ্ঞান আহার করিবে। কিন্তু ইহা প্রত্যক্ষ দেখা যায় যে একজন সুস্থকায় পুষ্ট মনুষ্য যে নিজ ভার ও স্বাভাবিক উত্তাপ রক্ষণের উপযুক্ত মধ্যবিধ ব্যায়াম করিয়া থাকে, তাহার দেহ হইতে চারি সহস্র গ্রেণ অঙ্গার ও তিনশত গ্রেণ ক্ষারজ্ঞান নির্গত হয় অর্থাৎ ক্ষারজ্ঞানের তের গুণ অঙ্গারজ্ঞান নির্গত হয়। অতএব যদি কোন ডিম্বসার হইতে তাহাকে ৪০০০ সহস্র গ্রেণ অঙ্গারজ্ঞান লইতে হয় তাহা হইলে ঐ পদার্থ ৭৫৪৭ গ্রেণ আহার করিতে হয়। কিন্তু ৭৫৪৭ গ্রেণ ডিম্বসারে ১১৩২ গ্রেণ ক্ষারজ্ঞান আছে অর্থাৎ যত ক্ষারজ্ঞানের আবশ্যক তাহার প্রায় চারিগুণ অনর্থক আহার করিতে হয়।

স্বাস্থ্যরক্ষার একটি প্রধান নিয়ম এই যে আহার বলবর্ধক ও

শরীর রক্ষার উপযোগী হইবে অথচ পরিমাণে অধিক হইবে না।
কিন্তু একমাত্র সঙ্গকারী পদার্থ দ্বারা যদি জীবন ধারণ করিতে হয়
তাহা হইলে এই নিয়ম রক্ষা হয় না, এবং তজ্জন্ত অল্প সময়ের মধ্যেই
স্বাস্থ্যভঙ্গ হইয়া শরীর দুর্বল হইয়া পড়ে। এই বিশেষ কারণে
মিশ্র আহার অর্থাৎ সঙ্গকারী ও তৈল বা শ্বেতসার জাতীয় পদার্থ-
মিশ্রিত আহার মনুষ্যের পক্ষে বিশেষ উপযোগী ও স্বাস্থ্যকর।
উক্ত তিন প্রকার পদার্থের মধ্যেই ধাতব পদার্থ ও জল পাওয়া যায়।*

শরীরের পুষ্টির জন্ত যাহা আবশ্যক তাহা মিশ্র আহারেই
পাওয়া যায় ইহা তোমরা বুঝিলে; কখন কিরূপ আহার করিলে
এই উদ্দেশ্য সাধিত হইতে পারে তাহা এইবার দেখা যাউক।

ভাঙারেরা বলেন শিশুকাল অতিক্রম করিবার পর সাধারণত
দিন রাত্ৰের মধ্যে নিয়মিত চারিবারের অধিক না খাওয়াই ভাল।
চারি বারের দুইবার পূর্ণ আহার—দুইবার লঘু আহার।

প্রত্যুষে উঠিয়া মুখ প্রক্ষালন করিয়া কিছু লঘু আহার করিয়া
বেড়াইতে যাইবে; কিম্বা যদি তাহাতে অন্ববিধা হয় তবে বেড়া-
ইয়া আসিয়া এই আহার করিবে।

ইয়োরাপীয়দিগের হিন্দুদিগের স্থায় আহারের বিচার নাই,
সুতরাং ইংরাজ-ভাঙারেরা এ সময়ে সাধারণতঃ মুরগীর কাঁচা
বা অর্ধসিদ্ধ ডিম দু' একটি, দুই এক টুকরা শ্রীখনমিশ্রিত পাউরুটি
এবং ইহার সহিত চা কুটি কোকো, কিম্বা দুগ্ধ পানের ব্যবস্থা দিয়া
থাকেন। কেননা ডিম একদিকে লঘু ও অপরদিকে পুষ্টিকর

উপরে খাদ্যবস্তুকে যাহা কলি হইল তাহা ভাঙার ব্রহ্মেন্দ্রনাথ
বন্দ্যোপাধ্যায় প্রণীত ভারতীয় 'ভক্ষ্যপ্রব্য কয় প্রকাণ্ড' গ্রন্থ হইতে গৃহীত।

খাদ্য। আমাদের দেশে অনেকের ধারণা আছে কাঁচা ডিম কাঁচা মাংসের ভ্রায় অখাদ্য। কিন্তু বস্তুতঃ কাঁচা ডিম বিশ্বাদ নহে এবং সিদ্ধ ডিমের অপেক্ষা শীঘ্র পরিপাক হয়। তবে আমাদের দেশে মুরগীর ডিম অথাত্তের মধ্যে পরিগণিত স্ততরাং এদেশের বালক-গণের পক্ষে অল্প পরিমাণ ছোলাভিজা মোহনভোগ ও দুগ্ধ কিম্বা দুগ্ধ-মিশ্রিত কোকো এ সময়ে উপযোগী খাদ্য। যে সকল বালকদিগের রুক্ষ ধাতু দুগ্ধাদির সঙ্গে তাহাদিগের এ সময় কিছু কিছু ফল খাওয়াও ভাল। আমাদের মত উষ্ণপ্রধান দেশে চা কাফি প্রভৃতি তেমন উপযোগী নহে।

ইহার পর স্কুলে যাইবার এক ঘণ্টা অন্ততঃ অর্দ্ধ ঘণ্টা পূর্বে অনাহার। অল্প বাজনের সঙ্গে পলতা নিম্ন প্রভৃতি তিক্ত তঙ্গ-কারী আহার করা ভাল। ভাত খাইবার পরেও অন্ততঃ অর্দ্ধ-ঘণ্টা বিশ্রাম আবশ্যক।

আবার স্কুলে ২৩টার সময়, কিম্বা পাঠান্তে বাড়ী আসিয়া বালকগণ ফল মিষ্টান্ন মোহনভোগ আহার এবং ইহার সহিত কেহ দুগ্ধ, কেহ কোকো, যাহার যাহা সুবিধা তাহা পান করিতে পারেন।

সন্ধ্যা বা রাত্রিতে শেষ আহার। সমস্ত দিনের অপেক্ষা ইহা গুরু হইলে ক্ষতি নাই কেননা সমস্ত রাত্রি পরিপাকের সময় পাওয়া যায়। তবে অধিক রাত্রে আহার বিশেষতঃ গুরু আহার করা ভাল নহে তাহাতে পরিপাকের ব্যাঘাত ঘটে। এই সময় মাংস, রুটি, লুচি খাইলেই ভাল। মাংস খাইবার যাহার সুবিধা নাই, রুটি লুচি মৎস্য তরকারী দুগ্ধাদি তিনি খাইতে পারেন। যাহারা মাংস খান না, তাঁহাদের দুগ্ধ অপেক্ষাকৃত অধিক মাত্রায় পান করা আবশ্যক। কেননা দুগ্ধে সকল রকম জব্যই আছে।

আহার করিবার সময় ভাল করিয়া চৰ্ৰ্ণ করিয়া খাইবার দিকে যেন বিশেষ লক্ষ্য থাকে। চৰ্ৰ্ণের সহিত পরিপাকের বিশেষ ঘনিষ্ঠ সম্বন্ধ। শুনিতে পাওয়া যায় গ্যাডষ্টোন প্রত্যেক মাংসের টুকরা গুণিয়া ৩২ ঘাঘ এবং রুটির টুকরা ১৬ বার করিয়া চৰ্ৰ্ণ করেন। স্বাস্থ্যরক্ষার ক্ষুদ্র নিয়মের প্রতিও এইরূপ দৃষ্টি আছে বলিয়াই এত বৃদ্ধ বয়সেও তিনি সুস্থ সবল আছেন। আহারের সময় সন্তুষ্টচিত্তে আহার করিলে শীঘ্র পরিপাক হয়।

অতিরিক্ত ঝাল, টক বা মসলামিশ্রিত ব্যঞ্জন অধিক খাওয়া উচিত নহে। অনিয়মিত সময়ে যাহা তাহা খাওয়াও স্বাস্থ্য-হানিকর,—তাহাতে বাজে জিনিষেই উদর পূর্ণ হইয়া যায়—নিয়মিত আহারের পক্ষে ব্যাঘাত জন্মে। আহারের পর কষ্ট হয়, এত অধিক করিয়া খাওয়াও স্বাস্থ্যের পক্ষে অমঙ্গলজনক। তাহাতে ক্রমে ক্ষুধা মন্দ হইয়া আসে ও পরিপাকের ব্যাঘাত ঘটে। আর একটি কথা, তৈল দ্রুত দুগ্ধ মৎস্ত মাংস এ সকলই যাহাতে খাঁটি ও ভাল হয় তাহা দেখা উচিত।

সাধারণ আহারের নিয়ম আমরা সংক্ষেপে একরূপ বলিলাম, তবে কোন খাদ্য কাহারও বিশেষ ধাতুতে পরিত্যক্ত হইতে পারে। যেমন অল্প প্রধান ব্যক্তির পক্ষে ভিন্ন প্রশস্ত আহার নহে।

সুতরাং কোন বিশেষ খাদ্য কাহার পক্ষে বিশেষরূপ ভাল বা মন্দ তাহা প্রত্যেকেরই বাল্যকাল হইতে বুঝিতে চেষ্টা করা উচিত। যতক্ষণ নিজে না তাহা ঠিক বুঝিতে পারা যায় ততক্ষণ ডাক্তার ও প্রতীপাস্থিকাদিগের উপদেশ শুনিয়া এবিষয়ে কার্য্য করাই শ্রেয়ঃ।

ব্যায়াম ।

আহারের দ্বারা আমাদের শরীরের ক্ষয় পূরণ হয়, ব্যায়াম আহার্য পরিপাকের সহায়তা করিয়া তাহার প্রকৃত ফল প্রদান করে। বস্তুতঃ আহার করিলেই হয় না, উত্তমরূপে আহার পরিপাক না হইলে তাহাতে ভাল ফল না হইয়া বরঞ্চ মন্দ ফলই হয়। সুতরাং নিয়মিত আহারের ভ্রায় নিয়মিত ব্যায়ামও স্বাস্থ্যের পক্ষে অমুকূল। যে সকল বালকগণ সর্বদাই দৌড়াদৌড়ি খেলাধুলা করিয়া বেড়ায় তাহাদের আর অন্তরূপ ব্যায়াম চর্চার আবশ্যক করে না—কিন্তু বিপরীত পক্ষে রীতিমত ব্যায়াম করা আবশ্যক। কোনরূপ জীড়া দ্বারা এই ব্যায়াম-কার্য সাধিত করিলে সর্বাপেক্ষা অধিক উপকার পাওয়া যায়। কেন না খেলায় শরীর সঞ্চালিত হইবার সঙ্গে সঙ্গে মনেরও ক্ষুধীলাভ হয়, এবং মুক্ত বায়ুতে ব্যায়াম করিলে ব্যায়ামের ফল আরো অধিক হয়। কিন্তু মুক্ত বায়ুতে পরিশ্রম করিতে হইলে সেই সময় অঙ্গে একটি ফ্ল্যানেলের জামা ধারণ করা উচিত। পরিশ্রম করিতে করিতে শরীর ঘর্ম্মার্দ্র হইলে ফ্ল্যানেলে সেই ঘর্ম্ম শোষিত হইয়া যায়, সুতরাং ঘর্ম্মাক্ত শরীরে বাতাস লাগিলে যে অপকার হইবার কথা, ইহা দ্বারা তাহা নিবারিত হয়। আরো একটি কথা—ব্যায়ামের পর যদি অঙ্গ-বস্ত্র আর্দ্র থাকে তবে তাহা ত্যাগ করিয়া শুষ্ক বস্ত্র পরিধান করা ভাল, কিন্তু তৎক্ষণাৎ গাত্রাবরণ খুলিয়া মুক্তগাত্রে থাকা উচিত নহে; এবং কিয়ৎক্ষণ বিশ্রাম না করিয়া তখনি স্নান বিদ্যা আহার করাও ভাল নহে।

ব্যাডমিনটন, লনটেনিশ, ক্রিকেট বড় স্বাস্থ্যের ব্যায়াম।

পল্লিগ্রামের ছেলেরা গ্রামের মাঠে সুবিধা মত এই সকল খেলার স্থান করিয়া লইতে পারেন। আরসহরেযাহাদের বাড়ীতে উদ্যান আছে তাঁহারা ত নিজের বাড়ীতেই ঐরূপ খেলার আড্ডা করিতে পারেন। এক এক পাড়ায় এইরূপ এক একটি স্থান থাকিলেই সেই পাড়ার সকল বালকগণই সেইখানে সমবেত হইয়া খেলায় যোগদান করিতে পারেন ।

কিন্তু সকল দিন সকলের বাড়ীর বাহিরে গিয়া ব্যায়ামের সুবিধা না হইতে পারে, বর্ষাকালেও সকল দিন বাহিরে ব্যায়াম করা চলে না সেই জন্ত ঘরের মধ্যে থাকিয়া সহজে যে সকল ব্যায়াম করা যাইতে পারে তাহাও ছুই একটি আয়ত্ত করিয়া রাখা উচিত। মুদগর ও ডম্বলের সাহায্যে, কিরূপে ব্যায়াম করিতে হয় তাহা আমাদের দেশের বালক মাত্রেই জানেন, কিন্তু লাঠি দ্বারা অতি সহজে যে কতকগুলি ব্যায়াম সম্পন্ন হইতে পারে তাহা হয়ত অনেক বালকের জানা নাই। তাহাও এক পক্ষে ব্যায়াম অন্য পক্ষে প্রীতিজনক খেলা। একজন আমেরিকা-বাসী এই ব্যায়াম সম্বন্ধে যাহা বলিয়াছেন ‘বালক’ নামক মাসিক পত্রে তাহার অনুবাদ প্রকাশ হইয়াছিল। সেই অনুবাদ আমরা এইখানে উদ্ধৃত করিয়া দিতেছি।


“ফিলাডেল্ফিয়ার যে স্কুলে আমি বিদ্যা শিক্ষা করিয়াছিলাম সেখানকার পড়িবার সমস্ত ঘর একই তলাতে। সমস্ত ঘরের মধ্যে এমন দেয়াল দেওয়া যে ইচ্ছা করিলে সে সমস্ত দেয়াল পাশের দিকে সরাইয়া দিয়া সকল ঘরগুলিকে একটা ঘরের মত করিয়া ফেলা যায়। হেড মাষ্টারের সঙ্কেত মত টিনের দুইবার, দ্বিপ্রহরে ও বিকালে, ঘরের মধ্যেকার দেয়াল সরাইয়া দেওয়া

হইত। বালকেরা অমনি দেয়ালের কাছে গিয়া সেখানে যে সমস্ত লাঠি সাজান থাকিত প্রত্যেকে তাহার এক এক গাছা হাতে করিয়া ঘরের মাঝখানে আসিয়া সার গাঁথিয়া দাঁড়াইত। একজন শিক্ষক পিয়ানোর কাছে গিয়া একটা ছোট খাট মাদামিদের সুর বাজাইতেন, আর বালকেরা তাতে তাতে লাঠি লইয়া ব্যায়াম করিত। দিনে দুইবার পাঁচ দশ মিনিট করিয়া এই প্রকার ব্যায়াম করিবার পর আমাদের এমন চমৎকার ক্ষুধা হইত, আমরা যেন নূতন বল পাইয়া আবার পড়িতে বসিতাম। অনেক দিন দ্বিপ্রহরের দিকে কেমন ক্লান্তি বোধ হইত আর ঘুম পাইত তখন এই প্রকার ব্যায়াম আমাদের জাগাইয়া দিয়া একেবারে তাজা করিয়া তুলিত। ইহাতে স্কুলের পড়ার কোন হানি না হইয়া বরং সম্পূর্ণ সহায়তা করিত। ঘণ্টা বাজিলে অমনি আবার সকলে আপন আপন হস্তস্থিত লাঠিগুলি যথাহানে রাখিয়া নিজের পড়া আরম্ভ করিত।”

এই ব্যায়ামের সুবিধা এই, ইহা দ্বারা শরীরের গ্রন্থি ও মাংস-পেশী সমূহকে উচ্ছামত সকল দিকে নোয়াইবার ফিরাইবার ক্ষমতা বাড়ে; আর কাহারও যদি নত হইয়া চলিবার অভ্যাস থাকে কিম্বা বক্ষ সঙ্কীর্ণ থাকে এই ব্যায়ামে তাহারও প্রতিকার হইবার সম্ভাবনা। ইহাতে বড় অধিক পরিশ্রম হয় না সুতরাং ইহা আরম্ভের পক্ষে ভাল। ব্যায়াম করিয়া বিশেষ ক্লান্ত হইয়া পড়িলে তাহাতে উপকার না হইয়া বরং অপকার হইবারই কথা। যে পরিমাণ শ্রমে শরীরে বেশ ক্ষুধা বোধ হয় সেই পরিমাণ শ্রমই স্বাস্থ্যকর।

লাঠির ব্যায়ামের নিয়ম এই—লাঠিগাছটি বেশ সোজা, মন্থণ

আর এক ইঞ্চি আন্দাজ মোটা হওয়া চাই, ছোট ছোট ছেলেদের জন্ত দুই হাত লম্বা, বড়দের জন্ত আড়াই হাত।



১। ১ম চিত্রে যেমন দেখিতেছ ঐ রকমে দুই হাত দিয়া লাঠি-গাছা তিন ভাগ করিয়া ধর। ঐ ভাবে হাত সবলে নীচে নামাইয়া পায়ের কাছাকাছি রাখ আবার দাড়ির নিম্ন ভাগ পর্যন্ত উঠাও। ছবিতে যেমন দেখিতেছ, সেইরূপ হাতের কুণ্ডলি যেন উপরের দিকে থাকে।

২। ১ম চিত্রে যে রকমে লাঠি ধরা হইয়াছে ঐ রকমে লাঠি ধরিয়া যথাসাধ্য উচ্চে উঠাও, দশবার এই রূপ করিবে।

১ম চিত্র।


৩। আগেকার মত লাঠি ধরিয়া যথাসাধ্য উচ্চে উঠাইয়া দ্বিতীয় চিত্রের স্থায় ঘাড়ের নীচে নামাইয়া আন। এইরূপ দশবার করিবে।

৪। আগেকার মত লাঠি ধরিয়া জোরে যথাসাধ্য উচ্চে উঠাইয়া নামাইবার সময় একবার ঘাড়ের নীচে নামাইবে, আর একবার দাড়ির নীচে নামাইবে।

৫। এবার ৩য় চিত্রে যেমন দেখিতেছ লাঠির দুইধার দুই হাতে ধরিয়া যথাসাধ্য উচ্চে উঠাও পরে আবার ৪র্থ চিত্রে যেমন দেখিতেছ পিঠের বদিকে যথাসাধ্য নীচে নামাও। দেখিও যেন হাত ঠিক সোজা থাকে, কুণ্ডলি দোমড়াইয়া না যায়। এইরূপ বিশবার করিবে।


৬। আগেকার মত দুইধার দুইহাতে ধরিয়া লাঠি উচ্চে

উঠাও আর নামাইবার সময়ে এক বার, সম্মুখ দিকে একবার পিঠের দিকে নামাও।



২য় চিত্র।

পরে হাত আড়ষ্ট করিয়া রাখিয়া যতদূর সম্ভব একপাশ হইতে আর একপাশে ঘুরাও।




৩য় চিত্র।

৭। লাঠির দুই ধার দুই হাতে ধরিয়া মাথার উপরে উঠাও, তার পরে ৫ম চিত্রে যেমন দেখিতেছ ঐ রকমে একবার বাম দিকে আর একবার ডাইন দিকে ফিরাও। দেখিও যেন কুণ্ডুই দোমড়াইয়া না যায় আর লাঠি যেন খাড়া থাকে।

৮। লাঠির মাঝখানে পাঁচ ছয় ইঞ্চি দূরে, দুই হাত দিয়া ধরিয়া হাত যথাসাধ্য সোজা রাখিয়া সম্মুখের দিকে বাড়াইয়া দেও, তার

৯। ডানহাতে লাঠির মাথা ধরিয়া, দুই পায়ের দুই গোড়ালি একত্র করিয়া সোজা হইয়া দাঁড়াও। দাঁড়াইয়া যতদূরে পার তেড়াভাবে লাঠি বাড়াইয়া দেও, লাঠির অগ্রভাগ যেন ভূমি স্পর্শ করে এবং লাঠি ও শরীর দুইই যেন ঠিক সোজা থাকে। তার পরে ৬ষ্ঠ চিত্রে যেমন দেখিতেছ ঐ ভাবে পা বাড়াইয়া দেও, পা লাহীর পশ্চাৎ দিকে পড়িবে। এইরূপ করিবার সময়ে কুণ্ডুই যেন

দোমড়াইয়া না যায় আর লাঠি যেন না নড়ে। ইহাতে কাঁধও
প্রায় নড়ে না, কেবল পায়ের
দিকটা নড়ে—এই রকম ভাবে
একবার ডান পা বাড়াইবে
আর একবার বাঁ পা বাড়াইবে।
দশবার এইরূপ করিবে।



৪র্থ চিত্র।

১০। সোজা হইয়া দাঁড়াও ;
৭ম চিত্রের স্থায় লাঠির মাথা বাঁ
হাতে ধরিয়া তেড়াভাবে ডান
দিকে যতদূরে পার ডান পা
বাড়াইয়া দেও, তার পরে লাঠির
দিকে বাঁ পা বাড়াইয়া দেও।
বাঁ পা ঠিক ঐ অবস্থায় রাখিয়া

ডান পা একবার যতদূর সাধ্য বাড়াইয়া দিবে আবার টানিয়া
লইবে। ঐরূপ করিষায় সময় ডান পায়ের
হাঁটু যেন দোমড়াইয়া না যায় আর মাথা ও
কাঁধের বোঁক যেন পশ্চাৎদিকে থাকে।



৫ম চিত্র।

১১। ৮ম চিত্রে যেমন দেখিতেছ ঐ
প্রকারে লাঠি ধরিয়া দুই হাত সোজা ভাবে
সম্মুখ দিকে উঠাও আবার বুকের দিকে
টানিয়া লও লাঠি যেন সর্বক্ষণ ঠিক খাড়া
থাকে। দশবার এইরূপ করিবে।

১২। শেষোক্ত প্রকার ব্যায়ামের মত
সম্মুখে হাত উঠাইয়া ৯ম চিত্রের স্থায় লাঠি
দক্ষিণ হস্তে রাখ আবার সম্মুখ দিকে হাত
উঠাইয়া উক্তরূপে লাঠি বাম হস্তে ধর। দশ
বার এইরূপ করিবে।


১৩। পূর্বোক্ত প্রকারে সম্মুখের দিকে

হাত উঠাইয়া ৮ম চিত্রের ভাবে লাঠি বুকের কাছে ধর। তারপরে ১০ম চিত্রে যেমন দেখিতেছ ঐ রূপে একবার তেড়াভাবে লাঠি বাঁ দিকে উঠাও আবার বুকের কাছে ধরিয়া তেড়াভাবে ডানদিকে বাড়াইয়া দেও। এইরূপে লাঠি একবার এ-পাশে একবার ও পাশে কুড়িবার ধর।



৬ষ্ঠ চিত্র।

১৪। শেযোক্ত ব্যায়ামের মত লাঠি ডানদিকে বাড়াইবে ও সেই সঙ্গে ডান পাও সেই দিকে বাড়াইবে। ১১শ চিত্রের স্থায় পা ও লাঠি দুই তেড়াভাবে একবার বাঁ দিকে একবার ডানদিকে



৭ম চিত্র।

বাড়াইবো এইরূপ কুড়ি বার করিবে।

১৫। শেযোক্ত প্রকারে লাঠি যখন বাঁ দিকে বাড়াইবে তখন সেই সঙ্গে ডান পা ডানদিকে বাড়াইবে। আবার লাঠি যখন ডানদিকে বাড়াইবে তখন সেই সঙ্গে বাঁ পা বাঁ দিকে বাড়াইবে।

১৬। ডান পা তেড়াভাবে সম্মুখদিকে বাড়াইবে আর সেই সঙ্গে লাঠি তেড়াভাবে বাঁ কাঁধের উপর দিয়া পিঠের দিকে বাড়াইবে, আবার বাঁ পা ঐ ভাবে বাড়াইবে ও সেই সঙ্গে লাঠি ডান কাঁধের উপর দিয়া বাড়াইবে।

১৭। ডান পা তেড়াভাবে পশ্চাৎ দিকে বাড়াইবে আর সেই সঙ্গে লাঠি তেড়াভাবে সম্মুখে দিকে বাঁয়ে বাড়াইবে, ১২শ চিত্রে যেমন দেখিতেছ।
বাঁ পা যখন পশ্চাৎ দিকে বাড়াইবে তখন লাঠি সম্মুখ দিকে বাড়াইবে।

১৮। ডান পা তেড়াভাবে পশ্চাৎ দিকে বাড়াইবে আর সেই সঙ্গে লাঠি তেড়াভাবে পশ্চাৎদিকে ডাইনে বাড়াইবে। আবার বাঁ পা তেড়াভাবে পশ্চাৎ দিকে বাড়াইবে আর সেই সঙ্গে লাঠি তেড়াভাবে পশ্চাৎ দিকে বাড়াইবে।

১৯। শেষোক্ত ভাবে পা ও লাঠি বাড়াইবে, কেবল যখন ডান পা বাড়াইবে তখন লাঠি বাঁয়ে আর যখন বাঁ পা বাড়াইবে তখন লাঠি ডাইনে বাড়াইবে।



৮ম চিত্র।


এই ব্যায়াম সকল তালে তালে করিলে বড় ভাল হয়।
বালকেরা এক গাছা লাঠি অনায়াসেই সংগ্রহ করিতে পারেন,
সুতরাং উল্লিখিত রূপ ব্যায়াম অভ্যাস করণ বালকদিগের যেমন
সহজ সাধ্য তেমনি সুবিধাজনক।




୯ମ ଚିତ୍ର ।



୧୦ମ ଚିତ୍ର ।



୧୧ମ ଚିତ୍ର ।



୧୨ମ ଚିତ୍ର ।

সন্ধ্যা ।

স্নানীরব সন্ধ্যাকালে পূরব গগন-ভালে
 জ্বল জ্বল তারা ছুটি চাহে হেসে হেসে ।
 বায়ু বহে মৃদু মন্দ, মধুর চাঁপার গন্ধ
 পাতার বিতান হতে আসে ভেসে ভেসে ।
 নিভৃত নিকুঞ্জ বাটী, বসে আছি একেলাটি,
 নয়নে আঁধার জাগে স্নিগ্ধ অভিয়াম !
 নভপটে ছায়া ছায়া স্পন্দহীন তরু-কায়া
 ধোয়ায় একাগ্র-চিত্তে কি রহস্য নাম !
 বকুল শাখাটি বুয়ে ছলে ছলে মাথা ছুঁয়ে
 ছ একটি ফেলে কোলে ফুল টুপ টাপ,
 প্রশান্ত সরসী তলে ঘনাইছে ছায়া দলে,
 গভীর প্রাণেতে তার কি যেন বিলাপ ।
 মালতীর লতা গাছে ফুলে ফুলে ভরিয়াছে,
 আঁধারে রূপের আলো চমকে নয়ান;
 সুদূরে মন্দির মাঝে পূরবী রাগিণী বাজে
 তুলিয়া প্রাণের প্রাণে অনন্তের তান ।

কৃতজ্ঞতা ।

ধন্যস্ত কস্তচিল্লোকে হৃদয়ং তদলঙ্কৃতম্ ।

বিরাজতে সদা যত্র মহারত্নং কৃতজ্ঞতা ॥

এই পৃথিবীতে তিনিই ধন্য, তাঁহার হৃদয়ই অলঙ্কৃত যাহার হৃদয়ে মহারত্ন কৃতজ্ঞতা সতত বিরাজিত ।

কেহ উপকার করিলে সেই উপকার অনুভব করিয়া উপকারক ব্যক্তির প্রতি হৃদয়ের যে সন্তোষ ও অনুরাগের উদ্বেক হয় তাহাই কৃতজ্ঞতা ।

উপকার পাইয়া যে ব্যক্তি কৃতজ্ঞ না হয়—সে নিতান্তই নীচ প্রকৃতির লোক । আমাদের শাস্ত্রে কৃতজ্ঞতা সকল পাপের অপেক্ষা মহত্তর পাপ বলিয়া গণিত । নিম্নলিখিত গল্পটি কৃতজ্ঞতার একটি আদর্শ দৃষ্টান্ত ।

নেপোলিয়নের মাতা একদা নেপোলিয়ন ও তাঁহার ভাগিনী ইলিজা এই দুই জনকে প্রজাপতি ধরিবার একটি জাল দিয়া বাড়ীর বাগানের মধ্যে খেলিতে অনুমতি প্রদান করেন, কিন্তু বাগানের বেড়ার বাহিরে যাইতে নিষেধ করিয়া দেন ।

তাঁহারা জাল পাইয়া মহানন্দে বাগানে খেলা করিতেছেন—এমন সময় একটি ক্ষুদ্র প্রজাপতির প্রতি তাঁহাদের দৃষ্টি পড়িল, অমনি তাঁহারা অন্য খেলা ফেলিয়া সেইটি ধরিতে ছুটিলেন । প্রজাপতি বাগানের বাহিরে গেল । মাতার নিষেধ ভুলিয়া নেপোলিয়নও তৎক্ষণাৎ বেড়া অতিক্রম করিলেন, এবং ইলিজাকেও ধরিয়া বেড়ার বাহিরে নামাইয়া লইলেন । মনের উচ্ছ্বাসে ছুটিতে ছুটিতে

ইলিজা একটি ডিম্ব-বিক্রেত্রী বালিকার উপর আসিয়া পড়িলেন। ইহাতে বালিকার মস্তক হইতে ডিমের ঝড়টি ভূমিতলে পড়িয়া গিয়া তাহার সমস্ত ডিম্বগুলিই প্রায় ভাঙ্গিয়া নষ্ট লইয়া গেল। বালিকা কাঁদিতে লাগিল।

ইলিজা তাহাতে ভীত হইয়া নেপোলিয়নকে বলিলেন “চল ভাই আমরা পলাই। ও মেয়েটি আমাদের চেনে না, চেনা লোক কেহ দেখিবার আগে আমরা বাড়ী পৌছিব।”

নেপোলিয়ন বলিলেন “না আমি পলাইব না। দেখিতেছ না মেয়েটি কাঁদিতেছে? আমরা উহার ক্ষতি করিয়াছি—যতদূর পারি এখন তাহা পূরণ করিতে আমাদের চেষ্টা করা উচিত”।

ইলিজা একটু লজ্জিত হইয়া পড়িলেন,—কারণ ক্ষতি তিনিই করিয়াছেন, অথচ তিনি নিজেই পলাইতে চাহিতেছেন।

এদিকে মেয়েটি অত্যন্ত কাঁদিতে কাঁদিতে বলিল—“এই ডিম বিক্রয় করিয়া যাহা কিছু পয়সা পাওয়া যাইত, তাহাতে আমাদের পরিবারের তিন দিন আহার চলিত। এখন আমি কি করিয়া আমার শয্যাগত মাতা এবং ক্ষুধিত ভ্রাতা ভগিনীদিগের নিকট গিয়া বলিব যে তিন দিন আর তাহারা আহার পাইবে না?”

এই কথা শুনিয়া নেপোলিয়ন তাঁহার পকেট হইতে ২টি ফ্লরিন লইয়া তাহাকে দিয়া বলিলেন, “আমাদের যাহা সাধ্য দিতেছি তুমি আর কাঁদিও না।”

তাহাদিগের দৈনিক জলখাবার কিনিবার এই ফ্লরিন দুইটি নেপোলিয়ন বালিকাকে দান করিলেন। দেখিয়া ইলিজা ব্যগ্র ভাবে বলিয়া উঠিলেন “ভাই, ও কি করিলে? আমরা যে শুধু ঝুটী ছাড়া আর কিছুই খাইতে পাইব না”।

নেপোলিয়ন বলিলেন “তা কি করিব? আমাদের দোষে উহারা কেন কষ্ট পাইবে?”

এইরূপ কথোপকথন চলিতেছে, এমন সময় একজন দাসী আসিয়া বলিল নেপোলিয়নের মাতা তাহাদিগকে ডাকিতেছেন। নেপোলিয়ন সেই গরীব বালিকাকে আপনাদিগের অনুসরণ করিতে বলিয়া দাসীর সঙ্গে বাড়ী ফিরিয়া গেলেন। তাঁহার মাতা তাঁহাদিগকে ভৎসনা করিয়া কহিলেন “আমি তোমাদিগকে বেড়ার অপরাধে যাইতে বারণ করিয়াছিলাম তোমরা আমার কথা রাখ নাই, ঐ জাল আর তোমরা পাইবে না, আমাকে ফিরাইয়া দাও”। নেপোলিয়ন এই কথা শুনিয়া বলিলেন “মা ইলিজার কোন দোষ নাই, আমিই প্রথমে বেড়ার ওদিকে যাইয়া উহাকে নামাইয়া লইয়াছিলাম”। নিজের দোষ কাটিয়া গেল দেখিয়া ইলিজা প্রফুল্ল নয়নে ভ্রাতার দিকে চাহিল। ইলিজার মাতুল তখন এই ঘরে ছিলেন, তিনি নেপোলিয়নকে এইরূপ দোষ স্বীকার করিতে দেখিয়া সন্তুষ্ট হইয়া নেপোলিয়নের মাতাকে বলিলেন, “নেপোলিয়ন নিজের দোষ স্বীকার করিয়াছে অতএব আমার অনুরোধে উহাকে ক্ষমা করি”। ভ্রাতার অনুরোধে নেপোলিয়নের মা তাঁহাকে ক্ষমা করিলেন। ইলিজা তখন অশ্রুপূর্ণ নেত্রে মামাকে বলিল “মামা তুমি আমার হইয়া মাকে একটু বলিবেনা? আমি যে নেপোলিয়ন অপেক্ষাও বেশী দোষ করিয়াছি”। মাতুল বলিলেন “তোমার কি দোষ আগে বল পরে বিচার করিব”। ইলিজা তখন ডিম ভাঙ্গা হইতে আরম্ভ করিয়া সমস্ত ঘটনাই বলিয়া গেল। *বলা বাহুল্য হে ইলিজাও, ক্ষমা প্রাপ্ত হইল। তখন নেপোলিয়ন তাঁহার মাকে বলিলেন “মা তুমি যদি আমাদের

ছুইটা ফ্রাঙ্ক ধার দাও তবে আমি এখন এই বালিকাকে তাহার ডিমের মূল্য দিতে পারি”।

মা বলিলেন “কিন্তু বুঝিয়া দেখ, তাহা হইলে তুমি আর চারি মাসের মধ্যে কিছুই পাইবে না”। নেপোলিয়ন তাহাতেও সন্তুষ্ট হইয়া ফ্রাঙ্ক দুইটা লইয়া বালিকাকে দিলেন। বালিকা সন্তুষ্ট হইল এবং পূৰ্ব্ব প্রদত্ত ফ্রান্স দুইটা কিরাইয়া দিতে চাহিল। বালিকার এইরূপ সদ্ব্যবহার দেখিয়া নেপোলিয়নের মাতা সন্তুষ্ট হইলেন, এবং নেপোলিয়নের অনুরোধে তাহাদিগকে সাহায্য করিবার ইচ্ছায় নেপোলিয়ন ও ইলিজাকে সঙ্গে লইয়া বালিকার জন্মবর্তী হইলেন। তাহাদের বাড়ী গিয়া দেখিলেন বালিকার মা শয্যাগতা এবং পাশে কয়েকটা শিশু কাঁদিতেছে, ইলিজা ও তাহার মা যাইয়া তাহাদের শুশ্রূষা করিতে বসিলেন, এবং একটা বড় বালককে কিছুদূরে বসিয়া কাজ করিতে দেখিয়া নেপোলিয়ন তাহারই সহিত বসিয়া কথা কহিতে আরম্ভ করিলেন।

এই বালকের নাম জাকোপা। ক্রমে ক্রমে নেপোলিয়নের সহিত এই বালকটির বিলক্ষণ ভাব হইল। নেপোলিয়ন সর্বদাই তাহাদের বাড়ী যাইতেন ও সাধ্যমত তাহাদের সাহায্য করিতেন জাকোপাও তাহার বন্ধুকে প্রাণের সহিত ভালবাসিত ও দেবতার শ্রদ্ধা ভক্তি করিত। হায়! তাহাদের এই বন্ধুতার সুখ বেশী দিন রহিল না। দশম বৎসরে পড়িবামাত্রই নেপোলিয়ন জন্মের মত কসিকা পরিত্যাগ করিয়া গেলেন, কাজেই তাহার বাল্য-সখার নিকট বিদায় লইতে হইল। যাইবার সময় নেপোলিয়ন জাকোপাকে সন্মামখোদিত একটা ক্ষুদ্র বস্ত্র উপহার দিয়া গেলেন। জাকোপা তাহা অতি আদরের সহিত গ্রহণ করিল।

এবং প্রতিজ্ঞা করিল জীবন থাকিতে এ বাক্স সে কখনই কাছ-
ছাড়া করিবে না।

* * * *

এই ঘটনার পর আজ অনেক বৎসর চলিয়া গিয়াছে। যে
বালকের আগে একটি ফ্লোরিন মাত্র আয় ছিল আজ তিনি রাজ-
রাজেশ্বর—আজ তিনি ফ্রান্সের সম্রাট, দুর্গম আল্ল পর্য্যন্তও এখন
তঁাহার গতিরোধে সমর্থ নহে, সমস্ত ইয়ুরোপ আজ তঁাহার
নামে কম্পিত।

কিন্তু এখনও তঁাহার জয়ের আশা মিটে নাই। ঐ দেখ
জয়াশায় এখনও তিনি যুদ্ধে ব্যস্ত। অশ্বের হেঁসা রবে, কামানের
গভীর গর্জনে, ধূমে, রণবাদ্যে, আহতদিগের চীৎকারে রণস্থল এক
ভীষণ মূর্তি ধারণ করিয়াছে, কিন্তু জয়লক্ষ্মীকে আলিঙ্গন করিতে
নেপোলিয়ন কোথায় না অগ্রসর হইতে পারেন! কিন্তু হায়!
এইবার বুঝি জয়লক্ষ্মীর পরিবর্তে তঁাহাকে মৃত্যুকে আলিঙ্গন
করিতে হয়! ঐ দেখ একজন শত্রুসেনা নেপোলিয়নের উপর
অস্ত্র তুলিয়াছে—এমন সময়ে একজন ফরাসী সেনা নক্ষত্রবেগে
ছুটিয়া আসিয়া নেপোলিয়নের স্থল অধিকার করিয়া তঁাহার
প্রাণরক্ষা করিল বটে কিন্তু সে নিজে আহত হইল। এ সৈনিক
আর কেহ নহে তঁাহারই জালাসখা জাকোপা। জাকোপা তাহার
বন্ধুকে এত ভাল বাসিত যে তঁাহার সঙ্গে থাকিবার জন্ত সেও
দেশ পরিত্যাগ করিয়া এখানে আসিয়া তঁাহার কোন সেনাপতির
অধীনে কার্য্য গ্রহণ করে, তখন নেপোলিয়ন রাজরাজেশ্বর,
জাকোপা সামান্য সৈনিক মাত্র, গ্লোরিয়ারের কথা শুনা হইবার
কোন সম্ভাবনাই নাই। তথাপি বন্ধুর কাছে অছি এই ভাবি-

যাই সে সুখী হইত। পরন্তু এই ঘটনার পর হইতে তাঁহাদের পুরাতন বন্ধুতা আবার জাগিয়া উঠিল। জাকোপা জয়ে পরাজয়ে সুখে দুঃখে বিপদে সম্পদে ছায়ার স্থায় প্রভুর অনুসরণ করিত। যখন তাঁহার আর কেহই ছিল না তখনও জাকোপা ছিল। এই এই যুদ্ধের কয়েক বৎসর পরেই প্রসিদ্ধ ওয়াটারলুর যুদ্ধে বন্দী হইয়া নেপোলিয়ান সেন্ট হেলেনায় প্রেরিত হ'ন। তিনি যতদিন সমুদ্রে জাহাজে ছিলেন জাকোপা তাঁহার উদ্ধার সাধনের জন্ত অনেক চেষ্টা করিয়াছিল অবশেষে হতাশ হইয়া তাঁহার সহিত কারাবাসের প্রার্থনা করে। নেপোলিয়ন শৈশবে জাকোপার উপকার করিয়াছিলেন—সে উপকার জাকোপা জীবনে ভোলে নাই। যখন নেপোলিয়ন সেন্ট হেলেনায় একাকী আবদ্ধ ছিলেন তখন জাকোপা ভিন্ন তাঁহার সঙ্গে আর কেহই ছিল না। প্রভুভক্ত জাকোপা মরণ পর্য্যন্ত তাঁহার সঙ্গে রহিল এবং তাঁহার মৃত্যুর পর তাঁহার যাহা কিছু অবশিষ্ট ছিল তাহা লইয়া ফ্রান্সে প্রত্যাগমন করে। এই জন্ত এখন পর্য্যন্ত ফ্রান্সের রাজধানী পারিসে জাকোপার প্রস্তরনির্মিত প্রতিমূর্তি বিদ্যমান আছে।

• এ পৃথিবীতে কিছুই বৃথা যায় না। নেপোলিয়নের জীবন নিষ্ঠুরকার্য্যে অতিবাহিত হইয়াছিল কিনা, এখানে সে কথার আবশ্যক নাই কিন্তু শৈশবে তিনি যে ভাল কাজ করিয়াছিলেন মৃত্যুর পূর্ব্বকাল পর্য্যন্ত তাহার ফল ভোগ করিয়া গিয়াছেন। জাকোপা না থাকিলে তাঁহার বিজনদ্বীপের অস্তিমশয়া যে আরও কত কষ্টকর হইত তাহা বলিবার নহে।

आशा ।

অস্তুমিত চକ୍ର-তନ୍ম, କମ୍ପିତ ତମସ-ଅଂ

সুদূর ঘোরা দ্বিপ্রহরা নিশি ।

নিশ্চল অক্ষর তলে সহস্র তারকা জলে ;

निद्राय आकूला दशदिशि ।

বাযু বহে ধীরে ধীরে, আঁধার সরসী তীরে,

गाह पाला काँपे मुहमुह ।

চক্রবাক চক্রবাকী মাড়া দেয় থাকি থাকি ;

ঘুম ঘোরে পিক ডাকে কুহ ।

খদ্যোতিকা দলে দলে, এই নিভে এই জলে,

স্বপনেতে যেন কঁাদে হাসে ।

কুটারে মাটির দীপ, করিতেছে টিপ টিপ,

শিশু গুয়ে জননীর পাশে ।

পুট পুটে দাঁত ছুটি হানিতে রয়েছে ফুটি

কচি অধরের মাথথানে ।

ভাঙ্গা জানালাটি দিয়ে, বৃহস্পতি আছে চেয়ে

বিমল সে মধু মুখ পানে ।

ধাক' নিতু ঘুয়াইয়া, এই পুণ্য প্রাণ নিয়া

যৌবনে উদ্ভিও জাগি তুমি ;—

আশীর্বাদ পূর্ণ হবে; সবে দস্ত দস্ত কবে

পবিত্র হইবে সাতত্বনি।

শ্রীমতী স্বর্ণকুমারী দেবীর

গ্রন্থাবলী ।

দীপ-নির্ব্বাণ ।

(ঐতিহাসিক উপক্ৰাস) তৃতীয় সংস্করণ । মূল্য ১।০ ।

...By far the best book that has yet been written by a Bengali lady, and... one of the ablest in the whole literature of Bengal. —*Calcutta Review*.

স্ত্রীলোকের একরূপ পড়াশুনা, একরূপ রচনা, একরূপ সহৃদয়তা, একরূপ লেখার ভঙ্গী বঙ্গদেশে বলিয়া নয় অপর সম্ভাব্য দেশেও অল্প দেখিতে পাওয়া যায় ।

—সাধারণী ।

... Possesses great merit....The writer is possessed of high talents. —*Hindoo Patriot*.

...ইনি ভাবুকতা, কবিত্ব, ও চরিত্র চিত্র নিপুণতায় অসাধারণ শক্তির পরিচয় দিয়াছেন ।

—আনন্দবাজার পত্রিকা ।

বসন্তোৎসব ।

(গীতিনাট্য) দ্বিতীয় সংস্করণ । মূল্য ১।০ ।

There is no melodrama in Bengali that we know of, which is so thoroughly chaste and sweet, so rich in charms of poetry ; and therefore, none so well calculated to improve the taste of the play-going public. ...We cordially recommend it to the reading public, and sincerely congratulate the author on her very excellent production. —*Indian Mirror*

The best of its kind in the Bengali language.

—*Brahmo Public Opinion*.

This is indeed the best Bengali opera we have yet seen. Its writer is an honour to her sex and to her country.

—*Calcutta Review*.

ইহার কবিতাগুলি প্রথম হইতে শেষ পর্যন্ত উৎকৃষ্ট ও বিশুদ্ধভাবে পরিপূর্ণ।
—নববিভাকর।

ছিন্ন-মুকুল ।

(উপস্থাস) । মূল্য ১।০।

The workmanship throughout is exactly what might be expected from so able a literary artist. —*Indian Mirror*.

... Comes quite up to the mark, and fully supports the previous reputation of the writer. —*Hindoo Patriot*.

মালতী ।

.. (ক্ষুদ্র উপস্থাস) । মূল্য ১।০।

It is a sweet short story simply told. —*Indian Mirror*.

... An excellent novelette in which within a short compass, are vividly portrayed some of the subtlest workings of the heart. —*Hindoo Patriot*.

গাথা ।

(কাব্যোপস্থাস) । মূল্য ১।০।

An honest historian of Bengali literature will find himself puzzled in doing justice to a fair writer who.....could surprise the literary public with gifts that would live as long as that literature lives. —*Sunday Mirror*.

The literary public was surprised with it.....

There never before in Bengal did a lady-writer of such real powers and abilities appear, and shed such a lustre on the literature of her country as the talented authoress of *Dip Nirvan*, *Basanta Utsav*, *Ghinn Mukul*, *Malati* and *Gatha*.

—*Hindoo Patriot*.

The stories...are all happily conceived, indicating a refined, and cultivated taste, a poetical frame of mind, and a sweet

tender, and sometimes even vigorous, fancy.... Her versification is sweet, smooth, musical, and eloquent. She appeals strongly to her reader's feelings. She describes the minds of lovers with great skill, and she has also a fine pencil for external objects.

—*Calcutta Review.*

পৃথিবী ।

মূল ১১ টাকা ।

The writer brings a great research and vast information to bear upon her book.... The work does great credit to the writer. We have no hesitation in saying that this is the best book in popular astronomy and geology in the Bengali language.

—*Statesman & Friend of India.*

The book is written in a very clear and simple style. ... It is perhaps the best book in Bengali on the subjects of which it treats. We have been simply charmed with the book, and with the research and careful study of the subjects which it displays.

—*Brahmo Public Opinion.*

[The writer] is an ornament to her sex and to her country ... A mine of valuable and interesting information. We would strongly recommend the Education Department to prescribe this work as a text-book for vernacular examinations, as it is admirably fitted to teach the principles of modern science to our boys and girls.

—*Hindoo Patriot.*

... Its intrinsic merits... are assuredly of a high order. --

—*Indian Mirror.*

ইহার পুষ্পময়ী লেখনীর উপর ভারতীর পুষ্পবৃষ্টি হউক, এবং বঙ্গের যে সকল শিক্ষানুরাগিনী কুলকামিনী লেখা পড়া শিখিতে ইচ্ছা করেন, তাহারা একবার ইহার গ্রন্থগুলি মনোযোগ সহকারে পাঠ্যকরুন। পড়িলে অনেক বিষয়েই তাহাদিগের ও আমাদিগের উপকার হইতে পারে।

—বান্ধব।

পুস্তকখানি বাঙ্গালা সাহিত্য ভাণ্ডারের একটি মহামূল্য রত্ন বলিয়া গৃহীত হইবে সন্দেহ নাই।

—বামাবোধিনী পত্রিকা।

বঙ্গভাষায় সাধারণের উপযোগী বৈজ্ঞানিক গ্রন্থ এই প্রথম রচিত হইল। ... আমরা শিক্ষা বিভাগের কর্তৃপক্ষীয়দের এই পুস্তকখানি মাইনর ও নর্মাল পরীক্ষায় একখানি পাঠ্যপুস্তক নির্দিষ্ট করিতে অনুরোধ করি।

—আনন্দ বাজার পত্রিকা।

গল্পস্বল্প ।

(স্বল্প পাঠ্য) মূল্য ১০/০ আনা ।

'Galpa Svalpa,' by the distinguished Svarna Kumari Devi, though designed for students of our Schools, is pervaded by such a pure and elevated moral sphere that grown-up people may use it with profit as a moral text-book. It contains a number of interesting anecdotes of original composition, written in simple and engaging Bengali, imparting lessons of the highest morality. —Englishman.

...Contains some admirable reading matter for young students.

...We can safely recommend it as a moral class book for the use of our boys' and girls' schools. —Hindoo Patriot.

...Leaves little to desire as a manual for junior readers.

—Indian Mirror.

গ্রন্থের ভাষা সুমিষ্ট... বিষয়গুলি... শিক্ষাপ্রদ ও মনোরঞ্জক, বইখানিতে নুতনত্ব অনেক আছে—বিদ্যালয়ের পাঠ্য পুস্তকে তাহা সচরাচর থাকে না ।

—সম্ভাবনী ।

মিবার-রাজ । (উপন্যাস)	...	...	...	১০
হুগলীর ইমামবাড়ী । (উপন্যাস)	...	...	...	১০
বিদ্রোহ । (উপন্যাস)	...	...	...	১০
নবকাহিনী । (সামাজিক ও ঐতিহাসিক নয়টি গল্প)	...	...	...	৫০
স্নেহলতা । (উপন্যাস) দুইখণ্ড	...	...	...	২১
ঐ ভাল বাঁধান	...	...	...	২১৭.

মেঘদূত । (মেঘদূতের বঙ্গানুবাদ) শ্রীসত্যেন্দ্রনাথ ঠাকুর প্রণীত । ১০

মায়ার খেলা । (নীতিনাট্য) শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর প্রণীত । ১০

বিবাহ-উৎসব ১০

“ভারতী” কার্যদেয়ক ।

কাণিঙ্গাবাগান বাগানবাটী, অপার সারকুলার রোড,

কলিকাতা ।

বনৌষধি দন্তমার্জন ।

দন্তরক্ষার ও দন্ত পীড়ার উৎকৃষ্ট ঔষধ ।

মূল্য এক কোঁটা ॥০

ইহা একরূপ পাহাড়ি শিকড় হইতে প্রস্তুত। হিমাচলের কোন কোন উচ্চস্থানে এই শিকড় জন্মিয়া থাকে। তত্রত্য অধিবাসীদিগের নিকট ইহার গুণ বিশেষরূপে খ্যাত। কিন্তু স্কন্ধীর্ণ স্থানে আর্বদ্ধ না থাকিয়া যাহাতে এই মহৌষধ সর্বসাধারণ সুলভ হয় এই উদ্দেশ্যে আমরা বহুদূর হইতে বহুযত্নে ইহা সংগ্রহ করিয়াছি। ইহাতে কষ যথেষ্ট পরিমাণ আছে অথচ ইহার একটি বিশেষ গুণ ইহা ব্যবহারে দাঁতে রং ধরে না, ইহাতে একদিকে দন্ত রক্ষা অন্য দিকে দন্ত পরিষ্কার থাকে। যাহাদের দাঁতের কোন ব্যাম নাই, তাঁহারা এই দন্ত মার্জন ব্যবহার করিলে তাঁহাদের দন্ত শীঘ্র শিথিল হইবে না। যাহাদের দাঁত দৃঢ় নহে, সহজে রক্ত পড়ে, ব্যথা হয়, কনকন করে, তাঁহারা এই দন্ত মার্জনে বিশেষ উপকার প্রাপ্ত হইবেন। অমেকেই ইহা ব্যবহার করিয়া বিশেষ প্রশংসা করিয়াছেন।

শীতল প্রলেপ

বা

মুখফাটার মহৌষধ ।

মূল্য এক কোটা এক টাকা । কোটায় ব্যবহার নিয়ম লেখা আছে । ইহা মুখফাটার পক্ষে বিশেষ উপকারী । ইহাতে চর্ম্ম মন্মথ, শীতল ও লাবণ্যযুক্ত হয় । কেবল তাহাই নহে, ইহার আর একটি গুণ, ইহার উপর পাউডার দিলে মুখ দেখিতে সুন্দর হয় । প্রথমে এই প্রলেপে মুখ আর্জ করিয়া তাহার উপর পাউডার দিলে পাউডারের সর্বপ্রকার অপকারিতা দূর হয়, অথচ যে অভিপ্রায়ে পাউডার ব্যবহৃত হইয়া থাকে তাহা পূর্ণমাত্রায় সিদ্ধ হয়, অর্থাৎ চর্ম্মের কোমলতা ও বর্ণচাকচিক্য বহুল পরিমাণে বৃদ্ধি করে । তবে কাহারও যেন এমন সংস্কার না হয় যে, শুদ্ধ পাউডার মাখিতে হইলেই ইহা ব্যবহার করিতে হয়, তাহা নহে, যাহারা পাউডার মাখেন না, কেবলমাত্র মুখ-ফাটার উপশম চাহেন তাঁহারা ইহা বিনা পাউডারে ব্যবহার করিবেন ।

ব্রণ-প্রলেপ ।

এক কোটা ১৮ টাকা ।

ইহা মুখে দিলে এণ সারিয়া যায়, মুখ মন্মথ ও বর্ণ লাবণ্যযুক্ত হয় । মিল্ক অব্ রোজ প্রভৃতি সাধারণ প্রচলিত ইংরাজি ঔষধ অপেক্ষা ইহা অধিক উপকারী ও ফলপ্রসূ । যাহারা পাউডার ব্যবহার করেন, তাঁহারা শীতলপ্রলেপের জায় ইহার উপরেও পাউডার মাখিতে পারিবেন ।

৬. শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায়

কাশিয়াবাগান বাগানবাটী,

অপার মারকুলার রোড, কলিকাতা ।

